CHAPTER 1

Parts of Speech

ভাষার মাধ্যমে আমাদের মনের ভাব প্রকাশের জন্য কথায় বা লেখায় আমরা নানা ধরনের sentence বা বাক্য ব্যবহার করি। একটা sentence তৈরি করতে যেসব শব্দ ব্যবহার করা হয় সেগুলোকেই Parts of Speech বলা হয়। The parts of speech are the words that are used in a sentence. ইংরেজি ভাষায় ব্যবহৃত parts of speech প্রধানত: সাত প্রকার। এর বাইরে যেসব শব্দ ব্যবহার করা হয় সেগুলোকে minor parts of speech হিসেবে বিবেচনা করব। এই অধ্যায়ে আমরা সব ধরনের parts of speech-এর একটা সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরব।

1. **Nouns :** Nouns are naming words অর্থাৎ যেসব শব্দ ব্যবহার করে কোনো ব্যক্তি, স্থান অথবা জিনিসকে শনাক্ত করা হয় সেগুলোকে noun বলা হয়। জিনিস বোঝাতে শুধু বস্তু নয়, যেকোনো abstract idea বা বিমূর্ত ধারণাকেও ধরা হয়। নিচের বাক্যগুলোতে ব্যবহৃত noun গুলো লক্ষ কর :

   Raghib does not live here. (মানুষের নাম)
   He lives in Dhaka. (স্থানের নাম)
   I have many pens. (বস্তুর নাম)
   I appreciate his honesty. (গুণের নাম)

   Noun দিয়ে এরকম বহুবিধ জিনিসকে represent / identify বা শনাক্ত করা হয়।

2. **Pronouns :** Pronouns substitute nouns অর্থাৎ একই noun-কে বার বার ব্যবহার না করে তার পরিবর্তে যেসব শব্দ ব্যবহার করা হয় সেগুলোকেই pronoun বলা হয়। যেমন: Karim is a good boy. He is my friend. I like him very much. I always enjoy his company. এখানে ১ম বাক্যের Karim শব্দটি একটি noun এবং পরের বাক্যগুলোতে Karim-এর পরিবর্তে he, him এবং his শব্দগুলোকে pronoun হিসেবে ব্যবহার করা হয়েছে। কোনো noun-এর পরিবর্তে আরো যেসব pronoun ব্যবহৃত হয় এগুলোর মধ্যে পড়ে I, we, you, she, it, they, this, that ইত্যাদি।

3. Verbs : Verbs are words that mainly describe actions but some verbs also describe states of being of people, places or things. Some verbs again indicate relationship or possession. অর্থাৎ যেসব শব্দ দিয়ে কোনোকিছু করা, হওয়া বা থাকা বোঝায় তাদেরকেই verb হিসেবে অভিহিত করা হয়। যেমন :

They play football. (action verb)
We are happy. (be verb)
I have a car. (possession verb)

4. Adjectives : Adjectives are words that modify nouns and pronouns অর্থাৎ যেসব শব্দের সাহায্যে কোনো noun বা pronoun-এর দোষ, গুণ, অবস্থা ইত্যাদি বর্ণনা করা হয় সেগুলোকে adjective বলা হয়। যেমন :

This is a big house.
The sky is blue.
There are many poor people in this village.
I feel tired.
They are cruel.

ভেবে দেখ, ওপরের বাক্যগুলোতে রঙিন অক্ষরে মুদ্রিত adjective-গুলো দিয়ে কোনো noun অথবা pronoun কে modify করা হয়েছে।

5. Adverbs : Adverbs are words that mainly modify the verbs in a sentence. They often tell us where, when and how an action takes place অর্থাৎ adverb-এর প্রধান কাজ হচ্ছে বাক্যে ব্যবহৃত verb-কে modify করা। এরা বলে দেয় verb দ্বারা নির্দেশিত কাজটি কোথায় ঘটে, কখন ঘটে এবং কীভাবে ঘটে। যেমন :

I went home yesterday.

এখানে 'home' এবং 'yesterday' শব্দ দুটি 'went' verb-টিকে modify করেছে। এরা যথাক্রমে বলে দিয়েছে আমি কোথায় গিয়েছিলাম এবং কখন গিয়েছিলাম। অতএব এগুলোকে adverb বলা হয়। আবার,

He walks fast / slowly.

এই বাক্যটিতে 'fast / slowly' 'walks' verb-টিকে modify করেছে এবং বলেছে সে কীভাবে হাঁটে। অতএব, এটিও adverb.

Moreover, some adverbs modify adjectives, other adverbs in the sentence or even an entire sentence too অর্থাৎ কোনো কোনো adverb আবার adjective, বাক্যে ব্যবহৃত অন্য কোনো adverb অথবা পুরো একটা বাক্যকেই modify করতে পারে। যেমন :

The girl is fairly tall.
He is walking very slowly.
Unfortunately, he could not pass the test.

এখানে 'fairly' adverb-টি পরবর্তী 'tall' শব্দটিকে (adjective), 'very' adverb-টি পরবর্তী 'slowly' শব্দটিকে (adverb) এবং 'unfortunately' adverb-টি পরবর্তী পুরো বাক্যটিকেই modify করেছে।

6. **Prepositions :** The function of a preposition is to express the relationship between the noun or pronoun coming after it and another word coming before it অর্থাৎ preposition-এর কাজ হচ্ছে তার পরে ব্যবহৃত noun বা pronoun এবং তার আগে ব্যবহৃত অন্য একটা শব্দের মধ্যেকার সম্পর্ক প্রকাশ করা। নিচের বাক্যগুলোতে রঙিন অক্ষরে মুদ্রিত preposition-গুলো লক্ষ কর :

My parents live in Rajshahi.
I have received a letter from them.
I shall visit them on Friday.
I shall go there by train.
My parents are very fond of me.

7. **Conjunctions :** Conjunctions are words that connect two or more elements (like words, phrases, or clauses) together to express a specific kind of relationship between them অর্থাৎ conjunctions নামের শব্দগুলোর কাজ হচ্ছে দুই বা ততোধিক শব্দ বা শব্দগুচ্ছকে একসঙ্গে যুক্ত করে এগুলোর মধ্যে একটা বিশেষ সম্পর্ক প্রকাশ করা। নিচের বাক্যগুলোতে conjunctions-এর ব্যবহার (রঙিন হরফে মুদ্রিত) লক্ষ কর :

He often eats bread and butter.
You are honest but your brother is dishonest.
Do or die.
He cannot come here because he is ill.

উপযুক্ত সাত শ্রেণির main parts of speech-এর বাইরে আরো কিছু শব্দ ইংরেজি ভাষায় ব্যবহৃত হয় যেগুলোকে সুস্পষ্টভাবে কোনো এক বিশেষ category-তে ফেলা সহজ হয় না। মূল category-র কোনো শব্দের সঙ্গে এগুলোর চেহারা ও আচরণগত কিছু মিল থাকলেও এদের grammatical function আলাদা। এ ধরনের minor parts of speech-এর মধ্যে পড়ে particles, articles, determiners, gerunds এবং interjections. নিচের উদাহরণগুলো লক্ষ কর :

Particles : Particles are small words that work like adverbs but look like prepositions অর্থাৎ particles হচ্ছে preposition-এর মতো দেখতে কিছু ছোট শব্দ যা adverb-এর মতো কাজ করে। যেমন :

The sun goes up in the east.
It goes down in the west.
The doctor is in.
He went out.

Articles : The three words *a, an,* and *the* are called articles. এগুলো কোনো noun-এর আগে বসে adjective-এর মতো ঐ noun-কে modify করে কিন্তু common adjective-এর সব বৈশিষ্ট্য এরা share করে না। নিচের বাক্যগুলোতে articles-এর ব্যবহার লক্ষ কর :

I need a pen.
He has an umbrella.
The books on the table are mine.

Determiners : Articles-এর মতো আরো কিছু শব্দ noun-এর আগে বসে ঐ noun-গুলোকে modify করে। Article-সহ এসব শব্দকে determiner বলা হয়। এ জাতীয় শব্দগুলো adjective-এর মতো কাজ করে কিন্তু adjective-এর সব বৈশিষ্ট্য এদের মধ্যে থাকে না। নিচের বাক্যগুলোতে determiner-এর ব্যবহার লক্ষ কর :

This is a book.
This book is mine.
It is our house.
They have two cars.
I bought some sugar.
He has many friends.

Gerunds : Gerunds are present participle form of verbs working like nouns অর্থাৎ 'verb + ing' গঠনের যেসব শব্দ noun হিসেবে কাজ করে সেগুলোকেই gerund বলা হয়। যেমন :

Walking is a good exercise.
I enjoy swimming.
I have no objection to talking.

মনে রাখবে, এ জাতীয় শব্দ verb কিংবা adjective হিসেবে কাজ করলে তাকে gerund বলা যাবে না। যেমন :

They are swimming in the pool.
This is a swimming pool.

এই বাক্য দু'টিতে 'swimming' gerund নয়।

Interjections : Interjections are words or expressions that express sudden feelings or emotions অর্থাৎ যে সব শব্দ বা অভিব্যক্তির মাধ্যমে কোন আকস্মিক আবেগ বা অনুভূতি প্রকাশ করা হয় তাদেরকেই interjections বলা হয়। আবেগ বা অনুভূতি আনন্দের, দুঃখের, রাগের, বিস্ময়ের, বিরক্তির ইত্যাদি নানা ধরনের হতে পারে। নীচের interjection গুলো লক্ষ কর :

Wow! What a big achievement.
Alas! We have lost the match!
Congratulations! You have passed the exam.
What! You don't like cricket?
Oh my God! We have won!

পরবর্তী অধ্যায়গুলোতে আমরা প্রত্যেক শ্রেণির শব্দের form এবং function নিয়ে বিস্তারিত আলোচনা করব।

Practice Part

1. Try and answer the following questions very briefly:
   a) What does a noun do?
   b) What does a pronoun do?
   c) What is the function of an adjective?
   d) What is a verb?
   e) What is the main function of an adverb?
   f) What is a preposition followed by?
   (Preposition-এর পরে কী বসে?)
   g) What is the function of a conjunction?
   h) Where does a determiner sit?
   i) What is the form of a gerund? What does it work like?
   (gerund কীসের মত কাজ করে?)
   j) What words are called articles?

2. Identify the underlined parts of speech in the following sentences:
   a) Mim *and* Neela are *classmates*. *They* are *good friends* too.
   b) They *read English at* a *private* university *in* Dhaka.
   c) They *go* to university *regularly together*.
   d) They are *fond* of *walking*. They *walk everyday*.

CHAPTER 2

All about the Parts of Speech

1. Nouns

আমরা প্রথম অধ্যায়েই জেনেছি যে, nouns are naming words অর্থাৎ noun হচ্ছে একটা নামবাচক শব্দ। দুনিয়াতে অসংখ্য মানুষ, জন্তু, স্থান এবং জিনিস আছে যাদেরকে কোন না কোন নামে indentify বা চিহ্নিত করা হয়। জিনিস বলতে আমরা এখানে concrete objects বা ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু এবং abstract ideas বা বিমূর্ত ধারণা উভয়কেই বুঝিয়েছি। আমরা এখানে প্রথমে nouns-এর প্রকারভেদ দেখাব এবং পরে তাদের form এবং grammatical function নিয়ে বিস্তারিত আলোচনা করব।

Proper Nouns

Nouns that identify an absolutely unique person, place, or thing are called Proper nouns অর্থাৎ বিশেষ একজন ব্যক্তি, বিশেষ কোন স্থান বা জিনিসের নামকে Proper noun বলা হয়। নীচের বাক্যগুলোতে Proper nouns-এর ব্যবহার লক্ষ কর :

Kamal is a good student. (বিশেষ একজন মানুষের নাম)
He lives in Australia. (বিশেষ একটা দেশের নাম)
I have read *Hamlet*. (বিশেষ একটা গ্রন্থের নাম)
He was born in April. (বিশেষ একটা মাসের নাম)
See me on Sunday. (বিশেষ একটা বারের নাম)
I have an account with the Trust Bank. (বিশেষ একটা ব্যাংকের নাম)
I have never crossed the Atlantic Occan. (বিশেষ একটা মহাসাগরের নাম)

[N.B. অন্য ধরনের noun থেকে আলাদা করার জন্য Proper noun-এর শুরুতে capital letter ব্যবহার করা হয়।]

Common Nouns

A common noun is a noun which identifies a type of person, place, or thing অর্থাৎ যে noun-এর সাহায্যে কোন একটা শ্রেণির সাধারণ বৈশিষ্ট্যযুক্ত কোন ব্যক্তি, স্থান বা বস্তুকে বুঝানো হয় তাকেই common noun বলা হয়। যেমন, 'student' বলতে আমরা সুনির্দিষ্ট কোন একজন মানুষকে বুঝি না, বরং একটা শ্রেণির যে কোন একজন মানুষকে বুঝি। তেমনিই 'garden' এবং 'flower' বলতে বিশেষ কোন বাগান এবং বস্তুকে বুঝি না। বাগান বা 'garden' হচ্ছে কিছু common বৈশিষ্ট্যযুক্ত জায়গাগুলোর মধ্যে যে কোন একটা এবং 'flower' হচ্ছে এক প্রকার জিনিসের মধ্যে যে কোন একটা। নীচের বাক্যগুলোতে common noun-এর ব্যবহার দেখো :

He is a student of English.
There are 50 students in this class.
A barking dog seldom bites.
Dogs are faithful animals.
She gave me a flower.
I am fond of flowers.
He lives in a village.
There are thousands of villages in Bangladesh.

[N.B. A common noun can be both singular and plural.]

Concrete Nouns

Concrete nouns represent those things which are physically tangible (ইন্দ্রিয়গ্রাহ্য) অর্থাৎ যে সব জিনিসকে ধরা যায় কিংবা দেখা যায় সেগুলোর নামই হচ্ছে concrete nouns. Proper noun এবং Common noun হিসেবে উপরে যে সব মানুষ, স্থান বা জিনিসের উদাহরণ দেয়া হয়েছে সেগুলোও Concrete nouns যদি তা physically tangible বা ইন্দ্রিয়গ্রাহ্য হয়। নীচের বাক্যগুলোতে Concrete nouns-এর আরো কিছু উদাহরণ লক্ষ কর :

Gold is a precious metal.
Please pass me the salt.
Honey tastes sweet.
The cow is a domestic animal.
This book reads interesting.

Abstract Nouns

Abstract nouns name intangible things like ideas, concepts, feelings and attributes অর্থাৎ যে সব noun দিয়ে কোন abstract (বিমূর্ত বা ইন্দ্রিয়গ্রাহ্য নয় এমন) ধারণা বা বৈশিষ্ট্যকে বুঝানো হয় সেগুলোকে Abstract noun বলা হয়। যেমন :

Honesty is the best policy.
Knowledge is power.
He gave me a lot of advice.
They are in love with each other.
Kindness is a great virtue.

[N.B. Abstract nouns are usually singular in form. They are regarded as uncountable nouns. Countable এবং Uncountable nouns সম্পর্কে আমরা একটু পরেই কথা বলব।]

Collective Nouns

Collective nouns refer to a collection or group of people, animals, or things অর্থাৎ যে সব noun-এর মাধ্যমে সামষ্টিক অর্থে কোন মানুষের, জন্তুর কিংবা অন্য কোন জিনিসের group বা দলকে বুঝায় তাদেরকে collective nouns হিসেবে অভিহিত করা হয়। যেমন :

My family consists of five people.
I saw a flock of birds flying south.
(আমি এক ঝাঁক পাখিকে দক্ষিণ দিকে উড়ে যেতে দেখেছিলাম।)
We have a charitable organization.
(দাতব্য সংস্থা)
Our army won the battle.
I bought a set of tablecloths.

প্রত্যেক Collective noun-এর মধ্যেই অনেকগুলো মানুষ, প্রাণী বা বস্তুর সমাহার বা উপস্থিতি লক্ষণীয়।

Traditional grammar-এ আমরা উপরোক্ত পাঁচ প্রকার noun-এর উল্লেখ দেখি কিন্তু modern grammar-এ ইংরেজি ভাষার noun গুলোকে broadly দুই Category-তে ভাগ করা হয় — *Countable* এবং *Uncountable*. আধুনিক dictionary গুলোতেও কোন noun-এর entry-এর পাশে "C" অথবা "U" লেখা থাকে। "C" দিয়ে বুঝানো হয় Countable noun এবং "U" দিয়ে বুঝানো হয় Uncountable noun. Uncountable noun-কে আবার Mass noun-ও বলা হয়। এখন আমরা এই দু'ধরনের noun সম্পর্কে বিস্তারিত আলোচনা করব।

Countable Nouns

As the name suggests, countable nouns represent things that can be counted as individual units. অর্থাৎ নাম থেকেই বুঝা যায় Countable (গণনাযোগ্য) noun সেই সমস্ত জিনিসকে নির্দেশ করে যাদেরকে স্বতন্ত্র ইউনিট বা একক হিসেবে গণনা করা যায়।

Countable nouns can be both singular (একবচন) and plural (বহুবচন) in forms. যেমন :

Pen — pens, box — boxes, man — men, child — children, lady — ladies, shelf — shelves

নীচের বাক্যগুলোতে আরো কিছু countable nouns-এর উদাহরণ লক্ষ কর :

He is a doctor.
There are six doctors in this hospital.
Give me a cup of tea.
She takes five cups of tea a day.
We have a cow.
Many cows are grazing in the field.
He is a nice person.
I saw a lot of people gathering there.

The singular and the plural forms of some countable nouns are identical. অর্থাৎ কোন কোন countable noun-এর singular এবং plural form একই। নীচের example-গুলো লক্ষ কর :

I saw a deer there.
There are many deer in the zoo.
This is a new aircraft.
The government planned to buy ten new aircraft.
He has only one offspring.
They have five offspring.
I bought a big fish.
Fish swim in water.
Two sheep are better than one sheep.

Uncountable Nouns

Uncountable nouns (or mass nouns) are nouns that cannot be counted as separate units. অর্থাৎ uncountable noun দিয়ে সেই সব জিনিসকে বুঝানো হয় যাদেরকে আলাদা unit হিসেবে গণনা করা যায় না। সেজন্য uncountable noun-এর কোন plural form নেই। এদের form সব সময়ই singular কিন্তু singular হলেও তার আগে a/an/one ব্যবহার করা যাবে না। যেমন, ইংরেজি ভাষায় news, information, advice, knowledge, furniture জাতীয় শব্দগুলোকে uncountable হিসেবে গণ্য করা হয় বিধায় এদের কোন plural form নেই। আবার singular হলেও এদের আগে a/an/one ব্যবহার করা যায় না। যেমন: নীচের অগ্রহণযোগ্য incorrect বাক্যগুলো লক্ষ কর:

× He gave me a news.
× He gave me two newses.
× I got an information from him.
× She sent me a lot of informations.
× This is a good advice.
× These advices are not acceptable.
× He has a deep knowledge of politics.
× She gained a lot of knowledges.

এ ধরনের uncountable noun-গুলোর সংখ্যা বা পরিমাণগত ধারণা প্রকাশের জন্য partitive নামে পরিচিত একটা measure phrase ব্যবহার করতে হয়। যেমন,

He gave me a piece of news.
He gave me two pieces of news.
I bought a bar of soap yesterday.
She bought three bars of soap.
Please give me a cup of tea.
I take four cups of tea a day.
This is a leaf of grass.
Here are several leaves of grass.
Give me a stick of chalk.
This box contains 20 sticks of chalk.
I did not eat a single grain of rice today.
Several grains of rice were lying on the table.

লক্ষ করে দেখো, এখানে সব uncountable noun-এর আগে একই partitive বসেনি। Noun-এর প্রকারভেদে ভিন্ন ভিন্ন partitive ব্যবহার করা হয়েছে।

Categories of Uncountable Nouns

Uncountable nouns fall under different categories. এখানে তাদের কয়েকটা শ্রেণি বা category দেখানো হলো :

(i) **Abstract concepts** (বিমূর্ত ধারণা) : love, hate, kindness, goodness, peace, freedom, honesty ইত্যাদি।

(ii) **Liquids** (তরল পদার্থ) : water, milk, oil, petrol, tea, coffee ইত্যাদি।

(iii) **Metals** (ধাতব পদার্থ) : gold, silver, iron, copper, lead, glass ইত্যাদি।

(iv) **Gases** (বায়বীয় পদার্থ) : hydrogen, oxygen, nitrogen, carbon dioxide, ammonia, chlorine ইত্যাদি।

(v) **Languages** (ভাষাসমূহ) : Arabic, Bangla, English, French, Hindi, Urdu ইত্যাদি।

(vi) **Small particles** (ক্ষুদ্র কণা জাতীয় জিনিস) : rice, wheat, salt, sand, sugar ইত্যাদি।

(vii) **Academic subjects** (অধ্যয়নের বিষয়): History, Geography, Physics, Chemistry, Sociology, Philosophy ইত্যাদি।

(viii) **Diseases** (রোগ-বালাই) : cholera, dysentry, malaria, cancer, fever, diabetes ইত্যাদি।

(ix) **Games and Sports** (খেলাধুলা) : football, cricket, hockey, badminton, chess, tennis ইত্যাদি।

(x) **Verbal nouns** (verb থেকে গঠিত noun) : walking, running, sleeping, swimming, driving, eating, drinking ইত্যাদি।

(xi) **Other Tangibles** (ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু) : bread, soap, china, furniture, equipment ইত্যাদি।

* * *

Most nouns in English have both singular and plural forms. But uncountable nouns have no plural form and some nouns have no singular form. নীচের বাক্যগুলোতে ব্যবহৃত plural noun গুলো লক্ষ কর।

I would like to buy a pair of pants/trousers/shorts.
Where are my sunglasses?

I cannot part with my essentials/belongings/goods.
Do you know about her whereabouts?
He wrote me a letter of thanks.
I need to buy a new pair of scissors.
I can no longer bear your expenses.
They informed the police of the matter.
The shopkeeper counted his monthly proceeds (income).
You should put on your overalls.
Please accept my regards (greetings).

তোমরা নিশ্চয়ই countable এবং uncountable noun সম্পর্কে একটা সুস্পষ্ট ধারণা পেয়েছ। অবশ্যই কিছু nouns সব সময়ই countable এবং কিছু nouns সব সময়ই uncountable but there is no watertight compartment between these two categories অর্থাৎ অনেক noun আছে যেগুলোকে countable এবং uncountable দু'ভাবেই ব্যবহার করা যায়। নীচে সেরকম কিছু noun-এর দু'রকম ব্যবহারই দেখানো হলো :

Bus	:	I saw a bus standing there. (C)
		I went to Dhaka by bus. (U)
Brick	:	This building is made of brick. (U)
		Remove the bricks from here. (C)
Chicken	:	Two chickens were slaughtered. (C)
		We ate chicken at dinner. (U)
Flower	:	All trees are in flower now. (U)
		I presented her with a flower. (C)
Fish	:	I prefer fish to meat. (U)
		They have caught a big fish. (C)
Train	:	They are coming to Rajshahi by *train.* (U)
		Two trains are running side by side. (C)
Hair	:	She has long black hair. (U)
		I found two hairs in the soup. (C)
Television	:	We have two televisions in our house. (C)
		I watch a lot of television. (U)
Bed	:	This is a very comfortable bed. (C)
		I usually go to bed at 11 o'clock. (U)
Hospital	:	The wounded people were taken to hospital. (U)
		There are several modern hospitals in this city. (C)

Water : You should drink sufficient water. (U)
I have crossed many waters in my life. (C)
School : I went to school at the age of five. (U)
There are many schools in our locality. (C)
Time : Don't waste your valuable time. (U)
He visits me three times a week. (C)
Beauty : Everybody admires her beauty. (U)
Her slim figure is one of her beauties. (C)
Night : We sleep at night. (U)
I spent a sleepless night last week. (C)
Danger : His life is in danger. (U)
He was a danger to his family. (C)

এরকম আরো বহু noun আছে যেগুলোকে countable এবং uncountable দু'ভাবেই ব্যবহার করা যায়।

Grammatical Characteristics of Nouns

As a part of speech, a noun has got some grammatical characteristics. They are as follows :

(a) A countable noun can be either singular or plural অর্থাৎ কোন noun যদি countable হয় তাহলে সেটা singular কিংবা plural হতে পারে। যেমন :

Belal is a brilliant student. (singular)
Students are taking their exam. (plural)

(b) An uncountable noun does not have any plural form অর্থাৎ uncountable noun-এর কখনো plural হয় না। যেমন, আমরা বলতে বা লিখতে পারি না :

We drink waters/milks. (wrong)

(c) A noun may be pre-modified by a determiner and/or an adjective অর্থাৎ কোন noun-কে modify করার জন্য তার আগে determiner এবং / কিংবা adjective ব্যবহার করা যায়। যেমন :

These mangoes are sweet.
I love green mangoes.
He ate some sour fruits.

(d) A noun may be post-modified by a word or phrase to form a noun phrase অর্থাৎ কোন noun-কে modify বা qualify করতে তার পরে কোন word বা phrase (পরবর্তী অধ্যায়ে আমরা phrase নিয়ে বিস্তারিত আলোচনা করব।) ব্যবহার করা যায়। যেমন :

The play proper is not very long.
(মূল নাটকটি খুব বেশি লম্বা নয়।)

The girl sitting there is known to me.

(e) A noun is the headword of a noun phrase অর্থাৎ একটা noun একটা noun phrase-এর headword বা প্রধান শব্দ হিসেবে ব্যবহৃত হয়। যেমন :

Most of the girls in this class are beautiful.

এই বাক্যের subject হিসেবে ব্যবহৃত noun phrase টি হচ্ছে "Most of the *girls* in this class" এবং "girls" noun-টি হচ্ছে এই phrase-এর headword বা প্রধান শব্দ।

(f) A noun is used after a preposition as a completive or prepositional object অর্থাৎ preposition-এর পরে completive বা prepositional object হিসেবে noun ব্যবহৃত হয়। যেমন :

These books belong to Harun.
I bought this food for Raghib.

(g) A noun can take an *apostrophe* or *'s* to show possession or relation অর্থাৎ মালিকানা বা সম্পর্ক বুঝাতে noun-এর apostrophe বা *'s* (apostrophe+s) ব্যবহার করা যায়। যেমন :

Shakespeare's works
A *girls'* school
Art for *art's* sake
A dog's tail

(h) A noun can be used as subject, object or complement in a clause or simple sentence অর্থাৎ কোন clause বা simple sentence-এ subject, object এবং complement হিসেবে noun ব্যবহৃত হয়। যেমন :

Gold is a precious metal. (subject)
Women love gold. (object)
This is gold. (subject complement)
We call this metal gold. (object complement)

2. Determiners

Determiner একটা minor part of speech হলেও noun-এর পরেই আমরা এই শ্রেণির word নিয়ে আলোচনা করছি এজন্য যে noun-এর সঙ্গে-এর একটা বিশেষ সম্পর্ক রয়েছে। আমরা জানি, a determiner always comes before a noun and modifies it like an adjective অর্থাৎ determiners সব সময়ই noun-এর আগে বসে adjective-এর মতো ঐ noun-কে modify করে। Determiners-এর অন্য কোন position বা অবস্থান নেই। আমরা এখন determiners-এর category গুলো দেখাব এবং কোন্ ধরনের noun-এর আগে কোন্ determiner বসতে পারে বা পারে না তা নিয়ে বিস্তারিত আলোচনা করব।

(a) Articles : a, an এবং the

এই তিনটি শব্দকে traditional grammar-এ article বলা হলেও modern grammar-এ এদেরকে *determiner* বলা হয়।

[কোন্ জাতীয় noun-এর আগে কোন্ determiner বসতে পারে বা পারে না সেটা বুঝাতে আমরা এখানে nouns-কে তিন ভাগে ভাগ করব: singular countable, plural countable এবং uncountable.]

"a" এবং "an" বসে শুধুমাত্র singular countable noun-এর আগে, কোন plural কিংবা uncountable noun-এর আগে নয়। যেমন :

I saw a snake on the street.
He saw an elephant.
This is a pants. (wrong)
We write in a black ink. (wrong)

কিন্তু 'the' সব ধরনের noun-এর আগেই বসতে পারে। যেমন :

The book is on the table.
The books are on the chairs.
The news is false.

(b) Demonstratives : this, that, these এবং those

এই category-এর অন্তর্ভুক্ত প্রথম দু'টি determiner বসে singular countable এবং uncountable noun-এর আগে। যেমন :

This girl is my cousin.
That boy is very clever.
I got this information yesterday.
That news was false.

পক্ষান্তরে, পরের determiner দু'টি অর্থাৎ "these" এবং "those" বসে শুধুমাত্র plural countable noun-এর আগে। যেমন :

These mangoes are ripe.
Those people are all very naughty.

(c) Possessives : my, our, your, his, her, their, its এবং যে কোন noun-এর *'s* form (যেমন, Karim's)

এই শ্রেণিভুক্ত যে কোন determiner উপরোক্ত তিন ধরনের যে কোন noun-এর আগে বসতে পারে। যেমন :

This is my/our/his/their garden. (before a singular noun)
Our/Your/Her parents are highly educated. (before a plural noun)
His/Her honesty is unquestionable (প্রশ্নাতীত). (before an uncountable noun)
Its colour is blue.
Karim's life-style is very fashionable.

(d) Numbers : Numbers are divided into two categories:—

Cardinals and Ordinals.

Cardinals : one, two, three, four and so on.

এই সংখ্যাগুলোর মধ্যে শুধু প্রথমটা বসে singular countable noun-এর আগে এবং বাকিগুলো বসে plural countable noun-এর আগে। যেমন :

Only one student attended the class.
Ten students were present in the class.
I have fifty money. (incorrect)

Ordinals: first, second, third, fourth and so on.

determiner হিসেবে এই জাতীয় সংখ্যাগুলো বসে singular countable noun-এর আগে। যেমন :

I felt nervous on my first day at school.
I have read the fourth chapter of the book.

অনেক সময় একটা ordinal এবং একটা cardinal number একসঙ্গে এভাবে বসে :

I read the first three chapters of the book.

এ ক্ষেত্রে cardinal number অনুসারে পরবর্তী noun-টা স্বাভাবিকভাবেই plural হয়।

(e) Quantifiers : many, much, a lot of, some, several, another, other, each, every, any, no, both, all, either, neither, few, little and so on. এদের ব্যবহার নিম্নরূপ:

"some" ব্যবহৃত হয় plural এবং uncountable noun-এর আগে। যেমন :

Some books are to be tasted.
I need some money.

"several" ব্যবহৃত হয় শুধুমাত্র plural noun-এর আগে।

Several newspapers published the article.
I met several journalists there.
I read several news in the newspaper. (incorrect)

"many" বসে শুধুমাত্র plural noun-এর আগে। যেমন :

I don't have many friends.
How many students passed the exam?
I saw many people shouting there.

"much" বসে শুধুমাত্র uncountable noun-এর আগে। যেমন :

Do you have much money?
How much sugar do you need in your tea?
Too much freedom is bad.
I don't have much friends. (incorrect)

Uncountable এবং Countable উভয় ধরনের noun-এর আগেই বেশি পরিমাণ বা বেশি সংখ্যক জিনিস বুঝাতে "a lot of" determiner-টি ব্যবহার করা যায়। যেমন :

She has a lot of money. (uncountable)
She buys a lot of books. (countable)

"another" determiner-টির অর্থ হচ্ছে one more অর্থাৎ আরেকটা। সুতরাং এটি ব্যবহৃত হয় শুধুমাত্র singular noun-এর আগে। যেমন :

We need to buy another (= one more) computer.
You can ask another person to do it.
Would you like another drink?

তবে একাধিক জিনিসের repetition বা পুনরাবৃত্তি বুঝাতে plural noun-এর আগে এভাবে "another" ব্যবহার করা যায় :

You have to answer another two questions.
We have to walk another three miles.

"other" ব্যবহৃত হয় সাধারণত plural noun-এর আগে। যেমন :

Other teachers were absent; only I was present there. কিন্তু other এর আগে অন্য আরেকটা determiner ব্যবহার করলে সে অনুসারে পরবর্তী noun-টা singular বা plural হতে পারে। যেমন :

He answered the other question too. (singular)
I asked three other questions. (plural)
I have some other problems to solve. (plural)

each & every : Both these determiners are used in front of a singular noun অর্থাৎ এই determiner দু'টি সব সময় singular noun-এর আগে বসে।

Each student has paid their tuition fees.
We have five fingers on each hand.
Every member attended the meeting.

Emphasis দেয়ার জন্য অনেক সময় এই দু'টি determiner-কে একসঙ্গেও ব্যবহার করা হয়। যেমন :

Each and every student passed the exam.

সেক্ষেত্রেও পরবর্তী noun-টা singular-ই থাকে।

any & no : এ দু'টি determiner সব ধরনের noun-এর আগেই বসতে পারে। নীচের বাক্যগুলোতে এদের ব্যবহার লক্ষ কর :

Do you have any question? (singular)
Answer any three questions. (plural)
Do you need any advice? (uncountable)
I have no good friend. (singular)
No friends were invited to the party. (plural)
I have no money now on me. (uncountable)

"all" determiner-টি ব্যবহৃত হয় plural countable noun এবং uncountable noun-এর আগে যথাক্রমে সবগুলো এবং সবটুকু বুঝাতে। তবে noun-টা countable হলো তার সংখ্যা দু'য়ের বেশি হতে হবে। যেমন :

All horses are animals.
All the three girls are beautiful.
He has answered all my questions.

লক্ষ কর, 'all'-এর সঙ্গে অন্য determiner-ও বসতে পারে। এবার uncountable noun-এর আগে 'all'-এর ব্যবহার দেখো :

I have spent all my money.
You did all the hard work.
I accepted all his advice.

"both" শব্দটি determiner হিসেবে ব্যবহৃত হয় শুধুমাত্র plural countable noun-এর আগে। তবে শর্ত হচ্ছে noun-টির সংখ্যা অবশ্যই দুই হতে হবে। একও হওয়া যাবে না, আবার তিন বা ততোধিকও হওয়া যাবে না। নীচের বাক্যগুলোতে both-এর ব্যবহার দেখো :

Both girls (the two girls) are beautiful.
Both the boys are tall and handsome.
Both my brothers are farmers.

লক্ষ কর, 'both'-এর সঙ্গে "the" এবং কোন একটা possessive determiner-ও বসতে পারে।

either & neither: এই দু'টা determiner-এর প্রথমটা ব্যবহৃত হয় দু'টা জিনিসের মধ্যে প্রত্যেকটা বুঝাতে। যেমন :

There are trees on either side of the road.
There is a door at either end of the corridor.

পক্ষান্তরে, neither ব্যবহৃত হয় দু'টি জিনিসের মধ্যে 'কোনটাই না' বুঝাতে। যেমন:

Neither road is safe.
Neither answer was correct.

তবে either বা neither-এর পরে অবশ্যই singular countable noun ব্যবহার করতে হবে।

few, a few & the few : এই determiner গুলো ব্যবহৃত হয় plural noun-এর আগে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

Few students were present in the class.

"Few" অনেকটা negative sense-এ ব্যবহৃত হয়। উপরের বাক্যটার অর্থ হচ্ছে কোন ছাত্র ক্লাসে উপস্থিত ছিল না বললেই চলে।

"A few" ব্যবহৃত হয় খুবই অল্প সংখ্যক কিছু বুঝাতে। যেমন :

There are only a few flowers in the garden.

"The few" ব্যবহৃত হয় অল্প সংখ্যক কোন কিছুর সবগুলোকে বুঝাতে। যেমন :

The few friends I had have also left me.

অর্থাৎ, আমার যে সামান্য কয়েকজন বন্ধু ছিল তারাও আমাকে ছেড়ে চলে গেছে।

Little, a little & the little : এই determiner গুলো ব্যবহৃত হয় uncountable nouns-এর আগে তাদের তুচ্ছ পরিমাণ বুঝাতে। যেমন, "There was *little water* in the pond". বাক্যটির অর্থ হচ্ছে পুকুরটিতে পানি ছিল না বললেই চলে। কিন্তু "I have just *a little money* in my pocket" বাক্যটির অর্থ হচ্ছে আমার পকেটে খুবই অল্প পরিমাণ টাকা আছে এবং "I spent *all the little money I had*" অর্থ হচ্ছে, আমার কাছে যে সামান্য পরিমাণ টাকা ছিল তাও ব্যয় করে ফেলেছিলাম।

3. Pronouns

Pronoun-এর সংক্ষিপ্ত পরিচয় আমরা প্রথম অধ্যায়েই পেয়েছি। আমরা এখানে এর classification, form এবং function নিয়ে বিস্তারিত আলোচনা করব। The word 'Pronoun' itself suggests that it works for a noun or replaces a noun অর্থাৎ এই part of speech-টি কোন noun-এর স্থানে বসে ঐ noun-এর পক্ষে কাজ করে। যেমন :

Harun loves his mother.
She also loves him.

এই বাক্য দু'টিতে "his" এবং "him" বসেছে "Harun" noun-টির পরিবর্তে এবং "she" বসেছে "mother" noun-টির পরিবর্তে। অতএব, এগুলো হচ্ছে Pronoun. আমরা বলতে পারি, Pronouns are reference words যার মাধ্যমে noun-কে refer করা হয়। কোন Pronoun দিয়ে একই বাক্যে উল্লিখিত পূর্ববর্তী এবং পরবর্তী noun-কে refer করা যায় আবার অন্য বাক্যে উল্লিখিত noun-কেও refer করা যায়। যেমন :

Jim and Della are a couple and they love each other.
In his student life, Raghib was very punctual.
There are five girls here. They are all beautiful.

এখানে ১ম বাক্যে "they" pronoun-টি পূর্ববর্তী "Jim and Della" nominal (noun or anything equivalent to a noun) টিকে refer করেছে। এ ধরনের reference-কে বলা হয় anaphoric reference এবং পূর্ববর্তী referent (যাকে refer করা হয়) কে বলা হয় antecedent. এখানে "Jim and Della" হচ্ছে antecedent এবং "they" pronoun-টি হচ্ছে anaphor. দ্বিতীয় বাক্যে 'his' pronoun-টি পরবর্তী "Raghib" noun টিকে refer করেছে। এ ধরনের reference-কে বলা হয় cataphoric reference এখানে "his" হচ্ছে cataphor এবং "Raghib" হচ্ছে postcedent.

তৃতীয় ক্ষেত্রে পাশাপাশি দু'টো বাক্য রয়েছে। এখানে আগের বাক্যের "girls" noun-টি হচ্ছে antcedent এবং পরের বাক্যের "they" pronoun-টি হচ্ছে একটা reference word এবং এ ক্ষেত্রে anaphor.

এখন আমরা pronoun-এর প্রকারভেদ এবং তাদের form ও function নিয়ে আলোচনা করব।

Personal Pronouns : Personal pronouns are related to the grammatical category of persons : first person, second person and third person.

যে pronouns ব্যবহার করে বক্তা বা লেখক নিজেকে refer করেন তাদেরকে বলা হয় first person pronouns (e.g. I, we).

যে pronouns ব্যবহার করে বক্তা বা লেখক তাঁর addressee (যাকে উদ্দেশ্য বা সম্বোধন করে কিছু বলা বা লেখা হয়) কে refer করেন তাদেরকে বলা হয় second person pronouns (e.g. you).

যে pronouns ব্যবহার করে বক্তা/শ্রোতা এবং লেখক/পাঠক ছাড়া অন্য কোন ব্যক্তি বা বস্তুকে refer করা হয় তাদেরকে বলা হয় third person pronouns (e.g. he, she, it, they).

প্রত্যেকটা personal pronoun-এর চারটা করে form আছে। সেই form গুলো এবং তাদের ব্যবহার example sentence গুলোতে লক্ষ কর :

Subject forms : I, we, you, he, she, it, and they
Object forms : me, us, you, him, her, it, and them

Possessive forms used as determiners : my, our, your, his, her, its, and their

Possessive forms used as pronouns : mine, ours, yours, his, hers, and theirs. ['it' pronoun-টির এই form নেই।]

নীচের উদাহরণগুলোতে এদের grammatical function লক্ষ কর :

I am a teacher. (subject)
They are my students. (subject)
You are a good boy. (subject)
I can give you some advice. (object)
He always admires her. (object)
This is her husband. (determiner)
This is my cat; its name is Mini. (determiners)
This book is hers. (possessive pronoun)
Ours is a big house. (possessive pronoun)

লক্ষ করে থাকবে, unlike nouns, pronouns do not take any apostrophe with them to form possessives. অর্থাৎ noun-এর মত কোন pronoun-এরই apostrophe যুক্ত কোন possessive form নেই।

পক্ষান্তরে, like nouns, pronouns also have singular and plural forms. Antecedent কিংবা Postcedent যদি singular হয় তাহলে তার reference word হিসেবে pronoun-কেও singular হতে হবে এবং antecedent কিংবা postcedent যদি plural হয় তাহলে তার reference word হিসেবে সংশ্লিষ্ট pronoun টিকেও plural হতে হবে।

তবে আধুনিক ইংরেজিতে কোন singular referent-এর gender যদি না জানা থাকে তাহলে তাকে refer করতে gender-neutral alternative (লিঙ্গ-নিরপেক্ষ বিকল্প) হিসেবে plural pronoun (they, them, কিংবা their) ব্যবহার করা যায়। যেমন :

If any student (singular referent) needs (singular verb)
help with their studies, they can see me
after the class and I will certainly help them.

Demonstrative Pronouns : কয়েক পৃষ্ঠা পূর্বেই আমরা determiner হিসেবে চারটি demonstratives-এর ব্যবহার দেখিয়েছি। সেগুলো হচ্ছে : this, that, these এবং those এবং বলেছি determiner হিসেবে এরা noun-এর আগে বসে। মজার ব্যাপার হচ্ছে, এই চারটি শব্দকেই আবার demonstrative pronoun বলা হয় যখন এরা noun-এর আগে না বসে পরিবর্তে বসে। determiner এবং pronoun হিসেবে এদের ব্যবহারিক পার্থক্য লক্ষ কর :

This/That book is mine. (determiner)
This/That is my book. (pronoun)
These/Those pens are yours. (determiner)
These/Those are your pens. (pronoun)
This is good news. (pronoun)

আবারও বলছি, this এবং that এর সম্পর্ক singular এবং uncountable noun-এর সঙ্গে (both as determiners and pronouns) এবং these এবং those-এর সম্পর্ক plural noun-এর সঙ্গে।

পক্ষান্তরে, this এবং these ব্যবহৃত হয় নিকটবর্তী ব্যক্তি বা বস্তুকে বুঝাতে এবং that এবং those ব্যবহৃত হয় দূরবর্তী কিছুকে বুঝাতে।

তবে relative pronoun হিসেবে (পরে relative pronoun নিয়ে আলাদা আলোচনা করা হবে।) that ব্যবহার করে singular এবং plural উভয় প্রকার antecedent-কেই refer করা যায়। যেমন :

The book that I am writing will be published soon.
I killed the mosquitoes that were disturbing me.

Reflexive Pronouns : These pronouns are used when the subject and the direct or indirect object in a sentence are identical to each other অর্থাৎ কোন বাক্যের subject এবং direct কিংবা indirect object দিয়ে যদি একই ব্যক্তি বা বস্তুকে বুঝানো হয় তাহলে ঐ object হিসেবে reflexive pronoun ব্যবহার করা হয়। সাধারণ singular pronoun-এর সঙ্গে 'self' এবং plural

pronoun-এর সঙ্গে 'selves' যোগ করে reflexive pronoun তৈরি করা হয়। যেমন, myself, ourselves, yourself, yourselves, himself, herself, itself and themselves. নীচের বাক্যগুলোতে direct এবং indirect object হিসেবে এদের ব্যবহার লক্ষ কর :

I hurt myself on the doorstep.
We love ourselves.
She killed herself by taking poison.
He bought himself a new shirt.
They hate themselves.

আধুনিক ইংরেজিতে third person singular subject-এর gender অজানা থাকলে reflexive pronoun হিসেবে himself/herself ব্যবহার না করে "themself" শব্দটি ব্যবহার করা হয়। যেমন :

Everyone should love themself.

উপরোক্ত reflexive pronoun গুলোকেই যখন object হিসেবে ব্যবহার না করে বাক্যের subject-এর ভূমিকাকে জোর দেয়ার কাজে ব্যবহার হয় তখন তাদেরকে *emphatic* বা *intensive* pronoun হিসেবে অভিহিত করা হয়। যেমন :

I myself checked the documents.
The chair himself/herself/themself will preside over the meeting.

Interrogative Pronouns : These pronouns are used to ask questions অর্থাৎ এই জাতীয় pronoun গুলোকে interrogative sentence-এর শুরুতে ব্যবহার করা হয়। এই শ্রেণির মধ্যে পড়ে who, whom, whose, what, এবং which. এরা বাক্যের subject অথবা object হিসেবে কাজ করতে পারে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

Who is there? (subject)
What are you doing here? (object)
Whom/who do you want to see? (object)

[N.B. Informal ইংরেজিতে "who" কে object হিসেবে ব্যবহার করা হয়।]

Which is better exercise—walking or swimming? (subject)
This is a beautiful house; do you know whose this is? (neither subject or object)

লক্ষ কর, শেষের বাক্যটিতে "whose" কে question-এর শুরুতেও ব্যবহার করা হয়নি। তবে অন্য কোন sentence-এ একে শুরুতেও ব্যবহার করা যায়। যেমন :

Whose is it?
Whose are these pens?

"whose" এবং "which" pronoun দু'টিকে আবার determiner হিসেবেও (noun-এর আগে) ব্যবহার করা যায়। যেমন :

Whose books are these?
Which pen do you want?

Indefinite Pronouns : These pronouns are used in place of a noun that is not specified in the sentence অর্থাৎ এই ধরনের pronoun ঐ ধরনের noun-এর পরিবর্তে ব্যবহার করা হয় যাদের পরিচয় সুনির্দিষ্ট নয়। নীচের বাক্যগুলোতে ব্যবহৃত indefinite pronoun গুলো লক্ষ কর :

One should do one's duty.
Is everyone here?
Someone is waiting outside to see you.
Anyone can do this work.
Everyone is responsible for this.
Fifty people are expected to attend this meeting. Many have turned up and some are yet to arrive.
Nobody likes a hair.
Everybody listened to me attentively.

Reciprocal Pronouns : These pronouns are used when two or more people equally act as the subject of a verb and again both or all of them individually and equally receive the action of the verb. অর্থাৎ এই ধরনের pronoun গুলো শুধু তখনই ব্যবহার করা হয় যখন দুই বা ততোধিক ব্যক্তি সমানভাবে কোন verb-এর subject হিসেবে কাজ করে এবং তারাই আবার উক্ত verb-এর ফল ভোগ করে। ইংরেজিতে এ ধরনের reciprocal pronoun দু'টি: each other এবং one another. নীচের বাক্যগুলোতে এদের ব্যবহার লক্ষ কর :

Alam and Bina love each other. (direct object)
They give each other presents. (indirect object)
They always depend on each other. (prepositional object)
All the girls are helping one another. (object)
They trust one another. (object)
They take care of one another. (prepositional object)

Traditional নিয়ম অনুসারে, "each other" ব্যবহৃত হয় দু'জনের ক্ষেত্রে এবং "one another" ব্যবহৃত হয় দু'জনের বেশি ব্যক্তির ক্ষেত্রে। তবে আধুনিক ইংরেজিতে they can be used interchangeably অর্থাৎ দু'জনের ক্ষেত্রে তোমরা "one another" এবং দু'জনের বেশি ব্যক্তির ক্ষেত্রে "each other" ব্যবহার করতে পারো। তোমরা বলতে পারো :

Meena and Neela hate one another.
You should all help each other.

Dummy Pronouns : There are two *dummy pronouns* in English : *it* and *there*. এদেরকে আবার *expletive pronoun*-ও বলা হয়। এদের বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে এরা কোন noun-কে replace করে না এবং এদের কোন referent কিংবা antecedent-ও থাকে না। শুধু তাই না, এদের কোন আলাদা অর্থও থাকে না। এদের grammatical function শুধু pronoun-এর মত। যেমন :

It is sunny today.
What time is it?
There is a pond beside our house.
There are many trees in this garden.
It is no use shouting.

Relative Pronouns : Relative pronouns are used at the beginning of a relative or adjective clause in a complex sentence. নীচের বাক্যগুলোতে পাঁচটি প্রধান relative pronoun-এর ব্যবহার দেখো (এ বিষয়ে বিস্তারিত আলোচনা হবে Complex sentence বিষয়ক অধ্যায়ে) :

This is the boy who wanted to see you.
This is the girl whom I gave the book.
The pen which you gave me is missing.
These are the novels that I have already read.
The boy whose mother has died is crying.

4. Adjectives

প্রথম অধ্যায়েই আমরা জেনেছি যে, the function of an adjective is to modify a noun or any other grammatical item that is equivalent to a noun অর্থাৎ adjective-এর কাজ হচ্ছে noun বা noun-এর সমতুল্য অন্য কোন grammatical item-এর দোষ, গুণ, অবস্থা, আকৃতি ইত্যাদি নানাবিধ বৈশিষ্ট্য তুলে ধরা। নীচের বাক্যগুলোতে part of speech হিসেবে "good" adjective-টির function গুলো লক্ষ কর :

Salam is good.
He is good.
These mangoes are good.
Walking is good for health.

এখানে "good" adjective-টি পর্যায়ক্রমে Salam (noun), He (pronoun), These mangoes (noun phrase) এবং Walking (gerund)-কে modify করেছে।

Positions of Adjectives

1. Adjectives can be used before a noun to modify that noun অর্থাৎ adjectives কোন noun-এর আগে বসে এ noun-কে modify করতে পারে। যেমন:

He is an honest man.
She has long hair.
They lead a miserable life.

এই বাক্যগুলোতে ব্যবহৃত প্রত্যেকটা adjective-ই তার পরের noun-টিকে modify করেছে। কোন adjective-এর এই position-কে বলা হয় *attributive position* এবং এই position-এ (noun-এর পূর্বে) ব্যবহৃত adjective-কে বলা হয় *attributive adjective*.

2. Adjectives can be used as a complement to the subject after a linking verb অর্থাৎ adjective-কে কোন linking verb-এর পরে complement to the subject হিসেবে ব্যবহার করা যায়। যেমন :

The girl is beautiful.
Honey tastes sweet.
I got nervous in the class.
The patient was declared dead.

এখানে প্রত্যেকটা adjective-ই একটা linking verb-এর (এই ধরনের verb সম্পর্কে পরে বিস্তারিত আলোচনা করা হবে।) পরে বসেছে এবং বাক্যের subject-টিকে modify করেছে। কোন adjective-এর এই position-কে বলা হয় *predicative position* এবং এই position-এর adjective-কে বলা হয় *predicative adjective*.

ইংরেজি ভাষার অধিকাংশ adjective-ই উপরোক্ত দুই position-এই বসতে পারে কিন্তু কিছু adjective আছে যারা শুধু predicative position-এই বসতে পারে, attributive position-এ নয়। যেমন :

The man is well.
I was not aware of the fact.
The baby is asleep.
I am alone here.
Are you still awake?

এই adjective গুলোকে কখনোই noun-এর আগে attributive position-এ ব্যবহার করা যাবে না। যেমন, a well man, an asleep baby কিংবা an awake person জাতীয় expression কখনোই গ্রহণযোগ্য হবে না।

আবার কিছু adjective আছে যাদের attributive অবস্থানে ব্যবহার করা গেলেও predicative অবস্থানে ব্যবহার করা যায়। এ সম্পর্কে পরে জানতে পারবে।

3. Adjectives can be used after a direct object as a complement to that object অর্থাৎ কোন direct object-এর পরে ঐ object-এর complement হিসেবে adjective বসতে পারে। For example :

I found the dog dead.
Food keeps our body strong.
Reading keeps me busy.
She gave me the flowers fresh.
They served us the meat hot.

উপরের প্রত্যেকটা বাক্যের শেষে যে adjective-টা ব্যবহার করা হয়েছে তা তার ঠিক আগে বসা direct object-কে modify করেছে।

4. Adjectives can be used after expressions of measurement to mention anything's age, height, depth এবং length অর্থাৎ কোন কিছুর বয়স, উচ্চতা, দৈর্ঘ্য, গভীরতা ইত্যাদি বুঝাতে পরিমাপ বিষয়ক phrase-এর পরে adjective ব্যবহার করা হয়। For example:

The boy is five years old.
He is three feet tall.
The pond is four fathoms deep. (one fathom is equal to six feet.)
The stick was six feet *long*.

5. Adjectives can also be used after indefinite pronouns and superlative adjectives. For example:

I tried everything possible.
Anybody tall can wear these pants.
This is the best book available.
We climbed the highest nearby mountain.

Kinds of Adjectives

Proper Adjectives : Proper adjectives are adjectives that are formed from proper nouns অর্থাৎ proper nouns থেকে তৈরি adjective গুলোকেই Proper adjective বলা হয়। For example:

Shakespeare was an Elizabethan dramatist. (formed from Elizabeth)
Have you read any Shavian play? (from Shaw)
I am fond of Italian food. (from Italy)
This is a Quranic verse. (from Quran)
I visited some Christian churches in England. (from Christ)

লক্ষ কর, like Proper nouns, Proper adjectives are also capitalised অর্থাৎ Proper noun-এর মত Proper adjective-ও বড় হাতের অক্ষর দিয়ে শুরু হয়।

Noun Adjectives : Noun adjectives are nouns in form but adjectives in function অর্থাৎ যে সব শব্দ মূলত: noun কিন্তু adjective হিসেবে ব্যবহৃত হয়ে পরবর্তী noun-কে modify করে তাদেরকে noun adjectives হিসেবে অভিহিত করা হয়। Notice the following examples :

This is a wrist watch.
She often visits a beauty parlour.
I need to buy a table fan.
Dr. Haque is a child physician.
They are all college students.

এখানে প্রতিটা রঙিন শব্দই মূলত: noun কিন্তু তাদেরকে ব্যবহার করা হয়েছে পরবর্তী noun-টিকে modify করতে। অতএব, functionally they are all adjectives. এ ধরনের শব্দকেই noun adjectives বলা হয়। লক্ষ কর, উপরের প্রত্যেকটা বাক্যেই noun adjective-টিকে attributive position-এ ব্যবহার করা হয়েছে, কারণ এ ধরনের adjective-কে কখনো Predicative position-এ ব্যবহার করা যায় না। তুমি কখনোই বলতে পারবে না "This watch is wrist" কিংবা "These students are college". অন্যদিকে, এই জাতীয় adjective কিন্তু gradable-ও (gradable এবং non-gradable adjective সম্পর্কে একটু পর জানতে পারবে) নয় অর্থাৎ এদের কোন comparative এবং superlative form নেই। যেমন :

This watch is wrister than that one. (wrong)
He is the childest physician in our locality. (wrong)

Verbal Adjectives : Verbal adjectives are present and past participle forms of verbs which are always used attributively (and

never predicatively) before a noun অর্থাৎ কোন noun-কে modify করার জন্য তার আগে যে present কিংবা past participle form of a verb ব্যবহার করা হয় তাকেই *verbal adjective* বলা হয়। নীচের উদাহরণগুলো লক্ষ কর :

Don't disturb the sleeping baby. (present participle)
A rolling stone gathers no moss.
Go and catch a falling star.
He got off a running train.
The wounded soldiers were all hospitalised. (past participle)
It was a furnished house.
Don't laugh at a defeated opponent.
Satan is a fallen angel.

বলা বাহুল্য, এই adjective গুলোকে predicative position-এ ব্যবহার করলে তাদের adjectival quality নষ্ট হয়ে যাবে।

Compound Adjectives : Compound adjectives are adjectives that consist of two or more words usually joined together by one or more hyphens অর্থাৎ এক বা একাধিক hyphen দ্বারা যুক্ত দুই বা ততোধিক শব্দের সমন্বয়ে গঠিত adjective গুলোকে compound adjective বলা হয়। নীচের এ ধরনের কিছু adjective-এর গঠন ও ব্যবহার লক্ষ কর :

Adjective + Adjective

The girl has blue-green eyes.
Look at the top-right corner of the board.
You can find the book in the bottom-left drawer.

Adjective + Noun

It was a wild-goose chase. (নিষ্ফল প্রচেষ্টা)
He is doing a part-time job. (খণ্ডকালীন চাকরি)
It was their last-minute attempt.

Noun + Adjective

She always drinks ice-cold water.
I take sugar-free biscuits.
It was a life-long case.

Noun + Present/Past Participle

The mosquito is a blood-sucking insect. (রক্তচোষা)
It was a record-breaking event.
He lives in rat-infested house.
She is a bed-ridden patient.
It was a mouth-watering dish.

Adjective + Participle

He has a very expensive-looking car.
It is an old-fashioned house.

Adverb + Participle

It is a very fast-moving train.
My father had an early-rising habit.
It was a well-written article.
I love to sleep in a dimly-lit room.

Gradable Adjectives : These are adjectives which can take before them intensifiers (যে সব adverb পরবর্তী adjective-এর মাত্রা বাড়িয়ে দেয়) or mitigators (যে সব adverb পরবর্তী adjective-এর শক্তি বা মাত্রাকে কমিয়ে দেয়) to increase or decrease their strength. For example:

The girl is very tall.
The boy is fairly tall.
Shanta is more beautiful than Asha.
Ali is less strong than Reza.

Non-gradable Adjectives : These are adjectives which cannot take before them any intensifying or mitigating adverbs to increase or decrease their strength. For example, electric, medical, monthly, circular, atomic, western ইত্যাদি। নীচের বাক্যগুলো লক্ষ কর :

This is a very electric fan. (wrong)
This is a less medical college. (wrong)
He reads a fairly monthly magazine. (wrong)

Proper adjectives এবং Noun adjective-ও Non-gradable adjectives-এর অন্তর্ভুক্ত।

Degree of Adjectives

Gradable adjectives have three degrees: Positive, Comparative and Superlative.

Positive Degree : This degree refers to the original or base form of adjectives. অর্থাৎ positive degree দিয়ে কোন adjective-এর মূল form-কে বুঝানো হয়। নীচের বাক্যগুলোর adjective গুলো লক্ষ কর :

He is as strong as a tiger.
You are very intelligent.

They are quite rich.
Many people lead a poor life.

Comparative Degree : This degree refers to the comparative forms of adjectives to compare two things and show that there is a difference between them in degree. নীচের বাক্যগুলোতে adjective-এর comparative form গুলো লক্ষ কর :

Helal is weaker than Belal.
Belal is stronger than Helal.
Rahman was more intelligent than his brother.
You are more beautiful than her.
He is less poor than his opponent.
I am less diligent than you.

লক্ষ কর, short adjectives (যেমন, weak এবং strong)-এর পরে 'er' suffix যোগ করে তাদের meaning-কে intensify করার জন্য comparative form গঠন করা হয় কিন্তু একই কাজে long adjectives (যেমন, intelligent এবং beautiful)-এর আগে "more" adverb-টি ব্যবহার করা হয়। পক্ষান্তরে, lower degree বুঝাতে short এবং long উভয় ধরনের adjectives (যেমন, poor এবং diligent)-এর আগেই "less" শব্দটি ব্যবহার করা হয়। কিছু adjective-কে আবার short এবং long দু'ভাবেই treat করা যায় এবং তাদের comparative form-ও দু'রকমই হতে পারে। যেমন :

Cleverer অথবা more/less clever
quieter অথবা more/less quiet
narrower অথবা more/less narrow
simpler অথবা more/less simple
clearer অথবা more/less clear
likelier অথবা more/less likely

Superlative Degree : This degree refers to the superlative forms of adjectives which are used to identify a noun with the highest or lowest degree of a characteristic among a group of three or more than three অর্থাৎ তিন বা ততোধিক noun-এর মধ্যে যার কোন বৈশিষ্ট্য সর্বোচ্চ বা সর্বনিম্ন মাত্রার তাকে বুঝাতে adjective-এর যে form ব্যবহার করা হয় সেটাই *superlative degree*. Look at the examples below:

This is the shortest essay in the book.
He is the poorest man in this village.
Nazma is the best of the three girls.

The crow is the ugliest bird.
Ruhak is the most intelligent student in this class.
The Japanese are the most industrious people in the world.
He is the least rich man in this city.
Ruma is the least beautiful girl in the group.

লক্ষ কর, highest degree বুঝাতে short adjective-এর পরে "est" suffix যোগ করা হয় এবং আগে "the" ব্যবহার করা হয়। পক্ষান্তরে, long adjective-এর সঙ্গে কোন suffix যোগ না করে শুধু তাদের আগে the এবং most শব্দ দু'টি ব্যবহার করা হয়। কিন্তু lowest degree বুঝাতে short এবং long উভয় প্রকার adjective-এর আগেই "the least" ব্যবহার করা হয়। একটু আগে যে সব adjective-কে short এবং long দু'ভাবেই consider করা যায় বলে বলা হয়েছে তাদের superlative form-ও দু'রকম হতে পারে। যেমন :

cleverest অথবা the most/least clever
quietest অথবা the most/least quiet
narrowest অথবা the most/least narrow
simplest অথবা the most/least simple
clearest অথবা the most/least clear
likeliest অথবা the most/least likely

ইংরেজি ভাষায় কিছু irregular adjective আছে যাদের comparative এবং superlative form তাদের positive বা basic form থেকে সম্পূর্ণ আলাদা। যেমন, good, bad, well (সুস্থ অর্থে) এবং ill (অসুস্থ অর্থে)। এদের comparative form বা degree গুলো হচ্ছে যথাক্রমে better, worse, better এবং worse, এবং এদের superlative form/degree গুলো হচ্ছে যথাক্রমে best, worst, best এবং worst.

5. Verbs

Verbs are mainly called doing words অর্থাৎ verbs হচ্ছে সেই সব শব্দ যাদের দ্বারা কোন কিছু করা বুঝায়। তবে "doing something" হচ্ছে একটা umbrella term যার মধ্যে পড়ে *করা, হওয়া, থাকা* সহ আরো অনেক কিছু। এখানে আমরা verbs নিয়ে বিস্তারিত আলোচনা করব এবং verbs-এর প্রকারভেদ, forms এবং grammatical functions দেখাব :

"Be" verbs, Action verbs and Possession verbs

"Be" verbs express a state of being or existence অর্থাৎ "be" verbs দিয়ে কোন কিছু হওয়া বা কোন কিছুর অবস্থান বুঝায়।

Here are some examples :

I am a teacher.
He is my student.
We are present here.
He was my friend.
They were very nice people.
There are many rivers in Bangladesh.

Action verbs refer to doing an action অর্থাৎ action verbs দিয়ে কোন কিছু করা বুঝায়। যেমন :

We play football.
He is writing a novel.
She has bought a new dress.
I killed a snake.
Will you watch television now?

Possession verbs express ownership or relationship অর্থাৎ possession verbs দিয়ে মালিকানা কিংবা পারস্পরিক সম্পর্ক বুঝাতে কোন কিছু থাকা বুঝায়। যেমন :

We have a new car.
He has a lot of money.
They had a big house.
I have three children.
She had two good friends.

Weak and Strong Verbs

Weak verbs are those regular action verbs which create their past simple and past participle forms in a regular way by adding the suffix 'ed' to their base forms অর্থাৎ যে সব regular action verb-এর সঙ্গে 'ed' suffix যোগ করে তাদের past simple এবং past participle forms গঠন করা হয় তাদের *weak verb* বলা হয়। যেমন :

We worked very hard. (past simple)
He has worked very hard. (past participle)

They also include:

talk, walk, kill, pass, fail, open, clean, turn, fire, sack, call, invite and so on.

পক্ষান্তরে, *strong verbs* create their past simple and past participle forms differently by an internal change of vowels in their base forms

অর্থাৎ যে সব verbs তাদের base forms-এর আভ্যন্তরীণ vowel পরিবর্তনের মাধ্যমে তাদের past simple এবং past participle form গঠন করে তাদেরকেই ইংরেজি গ্রামারের ভাষায় *strong verbs* বলা হয়। নীচের উদাহরণগুলো লক্ষ কর :

begin —	began —	begun
eat —	ate —	eaten
sing —	sang —	sung
write —	wrote —	written
drive —	drove —	driven
break —	broke —	broken
steal —	stole —	stolen
catch —	caught —	caught
teach —	taught —	taught
fight —	fought —	fought

লক্ষণীয়, এ ধরনের কিছু কিছু verb-এর past simple এবং past participle forms আবার identical বা অভিন্ন।

Dynamic and Stative Verbs

Dynamic verbs in English are those which express activities and processes অর্থাৎ dynamic verb-এর মাধ্যমে কাজ এবং কার্যপ্রণালী প্রকাশ করা হয়। কোন কাজ যখন চলমান অবস্থায় থাকে সেটা বুঝানোর জন্য dynamic verb-এর progressive aspect বা continuous tense ব্যবহার করা হয়। যেমন, walk, run, read, write, buy এবং sell জাতীয় verb গুলোকে dynamic verb বলা হয়, কারণ এই verb গুলোর চলমান অবস্থা বুঝাতে আমরা যে কোন tense-এর progressive aspect ব্যবহার করতে পারব। নীচের উদাহরণগুলো লক্ষ কর :

Farmers are working in the field.
I have been waiting for you since morning.
She was reading a poem then.
I will be watching television at 8 o'clock.

Progressive aspect-এ ব্যবহার করা যায় বলেই এ বাক্যগুলোতে ব্যবহৃত verb গুলো dynamic.

On the other hand, *stative verbs* usually refer to a state of things (an unchanging condition) অর্থাৎ stative verb কোন জিনিসের স্থিতাবস্থা নির্দেশ করে। সেজন্য এদেরকে progressive form-এ ব্যবহার করা যায় না। নীচের verb-গুলো দেখ :

love, hate, know, prefer, belong, need, own, seem, cost, exist, appear, (মনে হওয়া অর্থে), apply (প্রযোজ্য হওয়া অর্থে), consist, agree, deserve, like, dislike, mind, include, intend, mean, suit, understand ইত্যাদি।

এ ধরনের verb-কে আমরা কোন progressive form-এ ব্যবহার করতে পারব না। নীচের incorrect এবং unacceptable বাক্যগুলো লক্ষ কর :

I am knowing her.
This book is belonging to me.
The family was consisting of five members.
Are you minding my words?
You are deserving praise.

তবে কোন কোন verb-কে ভিন্ন অর্থে stative এবং dynamic দু'ভাবেই ব্যবহার করা যায়। যেমন :

Stative : We have a garden. (থাকা বুঝাতে)
Dynamic : We are having a garden party. (আয়োজন করা অর্থে)
Stative : The girl looks beautiful. (দেখতে বুঝাতে)
Dyamic : She was looking angrily at me. (তাকানো বুঝাতে)
Stative : That rule does not apply here. (প্রযোজ্য হওয়া বুঝাতে)
Dynamic : Many people are applying for the job. (আবেদন করা বুঝাতে)

আবার সময়ের পরিবর্তনের প্রেক্ষিতে কোন কোন stative verb-এর status বদল হয়েছে। একসময় feel, look এবং see শব্দগুলোকে শুধুমাত্র stative verb হিসেবে গণ্য করা হতো কিন্তু আধুনিক ইংরেজিতে এগুলোকে dynamic হিসেবে progressive form-এও ব্যবহার করা হয়। যেমন, এখন আমরা বলতে পারি :

You are looking so beautiful.
I am feeling a bit unwell.
He was then seeing television.

Lexical and Auxiliary Verbs

Lexical verbs (also called *Principal verbs* or *Main verbs*) can carry full meanings without the help of any auxiliary verb অর্থাৎ auxiliary verb-এর সাহায্য ছাড়াই যে সব verb পূর্ণ অর্থ প্রকাশ করতে পারে তাদেরকে lexical verbs বলা হয়। তবে auxiliary verb ছাড়া একাকী এরা শুধু Present এবং Past simple tense-এ ব্যবহৃত হয়। যেমন :

They work very hard.
He often tells a lie.
It rained very hard yesterday.
She wrote a letter to me.

অন্য tense গুলোতে যেখানে auxiliary verb-এর প্রয়োজন হয় সেখানে প্রথমে auxiliary verb (এক বা একাধিক) এবং শেষে lexical verb বা main verb বসে। যেমন :

I am taking tea.
It must have rained last night.
He might have been invited to the party.

এখানে "taking"-এর আগে একটি, "rained"-এর আগে দুইটি এবং 'invited'-এর আগে তিনটি auxiliary verb ব্যবহার করা হয়েছে।

পক্ষান্তরে, *auxiliary verbs* can never be used alone. They are always used before lexical verbs to help them form different tenses, questions and negatives অর্থাৎ auxiliary verbs কখনো একা বসতে পারে না। এরা lexical verb-এর আগে বসে তাদেরকে বিভিন্ন tense, প্রশ্নবোধক এবং negative বাক্য গঠনে সাহায্য করে। নীচের বাক্যগুলোতে সাধারণ auxiliary verb গুলোর ব্যবহার লক্ষ কর :

I do not like politics.
Does he smoke cigarettes?
You are telling lies.
They have done the work perfectly.
It has been raining for two hours.
She did not help me at all.
They were waiting for me.
He had finished the work before he saw me.
I will see you tomorrow.
At that time he will be watching television.

ইংরেজিতে *be*, *do*, *have* —এই তিনটা হচ্ছে Primary auxiliary verbs এবং এদের প্রত্যেকের একাধিক secondary forms রয়েছে। যেমন :

Secondary forms of "be" : am, is, are, was, were, being, and been
Secondary forms of "do" : do, does, এবং did
Secondary forms of "have" : have, has, এবং had

এই secondary form গুলো বাক্যের subject এবং tense অনুসারে vary করে। উদাহরণস্বরূপ, *do/does* বসে শুধুমাত্র present simple tense এবং did বসে শুধুমাত্র past simple tense-এ। আবার "does" বসে শুধুমাত্র third person singular subject-এর সঙ্গে।

Subject এবং tense ভিত্তিক উপরোক্ত সাধারণ auxiliary verb গুলোর বাইরে আরো এক ধরনের auxiliary verb আছে যাদেরকে modal auxiliary verbs বা সংক্ষেপে শুধু *modals* হিসেবে অভিহিত করা হয়। আমরা এখন এ ধরনের auxiliary verb গুলোর বৈশিষ্ট্য এবং grammatical function নিয়ে আলোচনা করব :

There are nine *main modals* in English. They are :

will, would, shall, should, can, could, may, might, and must

এদের common বৈশিষ্ট্যগুলো হচ্ছে :

(a) Modals change the meaning of main verbs by expressing their modality. That means, they express possibility, likelihood, ability, permission, obligation or future intention. For example :

It may rain tonight. (possibility)
He can walk now. (ability)
You should visit your sick mother. (obligation)

(b) Modals are followed by a main verb in its base form (a bare infinitive or an infinitive without 'to') অর্থাৎ modal-এর পরে সব সময় main verb-এর base form বসে। অন্য কোন auxiliary বা noun বসে না।

I can help you. (correct)
I can to help you. (incorrect)
I can do help you. (incorrect)

(c) Any modal can be used with any subject. It has no "s/es" form for the third person singular subject অর্থাৎ যে কোন modal যে কোন subject-এর সঙ্গে বসতে পারে। কোন third person singular subject-এর জন্য কোন modal-এর সঙ্গে "s/es" যুক্ত হয় না। যেমন :

We may go there with you. (correct)
He may also go. (correct)
He mays go. (incorrect)

(d) Like ordinary auxiliary verbs, modals also can be used with "not" to make negative sentences অর্থাৎ সাধারণ auxiliary verb-এর মত modal-এর পরেও "not" যোগ করে negative sentence তৈরি করা যায়। যেমন :

I shall not do that work.
He may not come here.
She cannot speak English.

[N.B. 'can' এবং 'not' কে কখনো আলাদা শব্দ হিসেবে ব্যবহার করা হয় না।]

(e) Modals can invert with the subject to make interrogative sentences অর্থাৎ modal এবং subject-এর normal অবস্থান বদল করে প্রশ্নবোধক বাক্য তৈরি করা হয়। যেমন :

They can speak English fluently. (normal position : subject + modal)
Can they speak English? (inverted position : modal + subject)
May I come in, please? (inverted position)
Shall we come and help you? (inverted position)
Will you not obey me? (inverted position)

(f) Modals do not have any fixed relationship with any particular tense. A single modal can be used variously in different tenses অর্থাৎ কোন একটা modal-এর ব্যবহার বিশেষ কোন tense-এর মধ্যে সীমাবদ্ধ নয়। একটা modal-কেই নানাভাবে একাধিক tense-এ ব্যবহার করা যায়। যেমন :

I could swim at the age of six. (past tense)
I could go there next week. (future tense)
He can walk now. (present tense)
They can come here tomorrow. (future tense)
It might rain tonight. (future possibility)
It might have rained last night. (past hypothesis)
(গতরাত্রে বৃষ্টি হতে পারত।)

(g) Modals may be followed by simple or perfect infinitive. For example :

You can sleep here. (simple infinitive)
I could have done the work last week. (perfect infinitive)

These infinitives may also be passive. For example :

The work may be done tomorrow.
It could have been done yesterday.

এখন আমরা উপরোক্ত নয়টি main modals-এর বিভিন্ন function দেখাব। নীচের উদাহরণগুলোতে একই modal-এর একাধিক ব্যবহার লক্ষ কর :

Will : They will pass the exam. (simple future)
Will you please help me? (informal request)

Will you post this letter for me? (কাউকে কিছু করতে বলা)
Engines will not run without libricants.
(সত্য কিছু প্রকাশ করা)

Would : He said that he would see me soon. (future in the past)
Would you please close the door? (polite request)
I would like to ask you a question. (বিনীতভাবে ইচ্ছা প্রকাশ করা)
Would you have dinner with me tonight? (polite offer or invitation)

Shall : I shall visit you shortly. (future simple)
Shall I wash the dishes? (offering help)
Students shall remain silent in the exam hall. (formal order)
You shall be punished. (to threaten বা ভয় দেখাতে)

Should : You should give up smoking. (advice)
I should immediately visit my parents. (moral obligation বা নৈতিক কর্তব্য)
This book should be useful and interesting. (expectation বা প্রত্যাশা)
You should have done the work. (past obligation)

Can : I can swim. (ability বা সক্ষমতা বুঝাতে)
Can I use your pen? (permission বা অনুমতি চাইতে)
Can I have a glass of water? (informal request)
You can sit here. (অনুমতি দিতে)

Could : I could swim at the age of six. (past alility বা অতীত সক্ষমতা বুঝাতে)
I wish I could fly. (hypothetical future বা কাল্পনিক ভবিষ্যৎ বুঝাতে)
Could you please lend me some money? (polite request)
Could I give you a ride? (polite offer)

May : It may rain any time. (possibility বা সম্ভাবনা বুঝাতে)
May I come in, sir? (বিনীতভাবে অনুমতি চাইতে)
May you live long. (শুভকামনা প্রকাশ করতে)
You may sit here. (অনুমতি দিতে)

Might : She said that she might go there. (past tense of 'may')
It might rain to-night. (অল্প সম্ভাবনা বুঝাতে)
Might I ask you one more question? (বিনীতভাব অনুমতি চাইতে)
I might have attended the party. (past hypothesis: আমি ঐ অনুষ্ঠানে যোগদান করতে পারতাম কিন্তু করিনি বুঝাতে)

Must : I must attend the party. (strong intention বা দৃঢ় ইচ্ছা বুঝাতে)
The door must be locked when you leave the room. (necessity বা আবশ্যিকতা বুঝাতে)
You must vacate the hall. (compulsion বা বাধ্যবাধকতা বুঝাতে)
It must rain tonight. (certainty বা নিশ্চয়তা বুঝাতে)

Semi-modals : Semi-modals are modals that are often used like the proper modals described above but do not share all their characteristics অর্থাৎ semi-modals বলতে আমরা সেই সব modals-কে বুঝি যাদেরকে উপরে বর্ণিত proper modals-দের মত ব্যবহার করা গেলেও তাদের মধ্যে proper modal-এর সব বৈশিষ্ট্য থাকে না। Semi-modals হিসেবে এখানে আমরা dare, need, ought to এবং used to—এই চারটা model সম্পর্কে আলোচনা করব :

Dare : As a semi-modal, auxiliary verb 'dare' means "to be brave or rude enough to do something" অর্থাৎ semi-modal হিসেবে "dare" verb-টির অর্থ হচ্ছে "কোন কিছু করতে অতিরিক্ত সাহসী বা উদ্ধত হওয়া"। নীচের example গুলো লক্ষ কর :

I dare not tell the truth.
How dare you say this?
How dare she argue with me?
I didn't dare look at her.

এই উদাহরণগুলোতে দেখতে পাচ্ছ, 'dare' modal-টি সাধারণত negative এবং interrogative sentence-এ ব্যবহৃত হয়। শেষের বাক্যটিতে 'dare'-এর সঙ্গে primary auxiliary 'did' ব্যবহার করা হয়েছে। এটি proper modal-এর বৈশিষ্ট্য নয়।

"Dare" verb টিকে main verb হিসেবেও ব্যবহার করা যায়। সেক্ষেত্রে, third person singular subject-এর সঙ্গে এর 's' form ব্যবহার করতে হবে এবং প্রয়োজনে primary auxiliary verb-ও ব্যবহার করা যাবে। যেমন :

No one dares to question my authority.
He does not dare to come here.
How did you dare to go there?

এ ক্ষেত্রে "dare" কে intransitive verb হিসেবে ব্যবহার করা হয়েছে এবং-এর পরে "to + infinitive" যোগ করা হয়েছে।

Need : As a semi-modal, this auxiliary verb is almost always used in negative sentences to express lack of obligation or necessity অর্থাৎ কোন কিছু করার অপ্রয়োজনীয়তা বুঝাতে বেশিরভাগ ক্ষেত্রে "need" semi-modal-টি negative sentence-এ ব্যবহৃত হয়। যেমন :

You need not worry. (তোমার দুশ্চিন্তা করার দরকার নেই।)
Nobody need read this. (এটা কারো পড়ার দরকার নেই।)

It is also used in interrogative sentences to ask if anything is needed অর্থাৎ কোন কিছুর প্রয়োজন আছে কিনা সেটা জিজ্ঞাসা করতে 'need' modal-টি প্রশ্নবোধক বাক্যেও ব্যবহৃত হয়। যেমন :

Need I go there right now? (আমাকে কি ওখানে এক্ষুনি যেতে হবে?)
Need we worry about the matter?

"Need" কেও "dare"-এর মত main verb হিসেবে ব্যবহার করা যায়। যেমন :

I need your help.
Does he need any money?
You don't need to hurry. (তোমার তাড়াহুড়া করার দরকার নেই।)
Did she need to go there? (তার কি সেখানে যাওয়ার দরকার ছিল?)

Ought to : This semi-modeal is less commonly used in modern Engish in place of 'should' to mean obligation or give advice অর্থাৎ আধুনিক ইংরেজিতে কম ক্ষেত্রে এই modal-টি দায়িত্ব বুঝাতে কিংবা উপদেশ দিতে "should"-এর পরিবর্তে ব্যবহার করা হয়। যেমন :

You ought to give up smoking. (advice)
We ought to help the needy people. (obligation)

Negative এবং interrogative sentence-এ অনেক সময় "to"-কে বাদ দেয়া যায়। যেমন :

You oughtn't go out in this stormy weather.
Ought we find a better place?
Oughtn't she study hard for her exam?

Used to : This modal is used to speak about a past habitual action or state অর্থাৎ অতীতের কোন অভ্যাসগত কাজ বা অবস্থা বুঝাতে এই modal টি ব্যবহার করা হয়। এটা দিয়ে কখনোই বর্তমানের কিংবা ভবিষ্যতের কোন কাজকে বুঝানো যায় না। যেমন :

He used to play football in his youth. (সে তার যৌবনকালে ফুটবল খেলত।)

There used to be a big banyan tree near our house. (আমাদের বাড়ির কাছে অনেকদিন একটা বড় বটগাছ ছিল।)

Negative এবং intrrogative বাক্যে এই semi-modal টির ব্যবহার লক্ষ কর :

He used not to smoke.
He did not use to smoke.
He did not used to smoke.

Used he to smoke?
Did he use to smoke?
Did he used to smoke?

"Did"-এর পরে "used"-এর ব্যবহার unacceptable বা অগ্রহণযোগ্য মনে হলেও আধুনিক ইংরেজিতে এই semi-modal টিকে এভাবে ব্যবহার করতে দেখা যায়।

"Used" শব্দটিকে অন্যভাবেও ব্যবহার করা যায়। যেমন :

He was used to smoking.
I am getting used to urban life.

এখানে "used হচ্ছে adjective (অর্থ অভ্যস্থ) এবং "to" হচ্ছে একটা preposition.

Finite and Non-finite Verbs

Finite Verbs : The word 'finite' means limited. So, the name itself suggests that finite verbs are verbs whose use is limited to or governed by a particular subject and/or tense অর্থাৎ 'finite বা 'সীমাবদ্ধ' নামকরণ থেকেই বুঝা যায় finite verbs-এর ব্যবহার নির্দিষ্ট এক ধরনের subject এবং/অথবা একটা নির্দিষ্ট tense-এর মধ্যে সীমাবদ্ধ। যেমন :

He speaks English.
We invited them to a party.

উপরের বাক্য দু'টিতে 'speaks' এবং 'invited' দু'টোই main verb. প্রথমটি দিয়ে third person singular subject এবং present simple tense বুঝানো হয়েছে এবং দ্বিতীয়টা দ্বারা past simple tense বুঝানো হয়েছে। অতএব, দু'টোই

finite verbs. শুধু উপরোক্ত দু'টির মত action verb নয়, 'be' verb, possession verb কিংবা auxiliary verb-ও finite verbs হতে পারে। যেমন :

I am a student.
He has two sisters.
She does not cook her food.
We shall help you.

এদের ব্যবহারও একটা নির্দিষ্ট subject এবং tense-এর মধ্যে সীমাবদ্ধ। Auxiliary verb-এর পরে main verb ব্যবহার করে finite verb phrase তৈরি করা হয়। যেমন, "He is walking" বাক্যটিতে "is" একটা finite auxiliary verb, "walking" একটা non-finite main verb এবং "is walking" হচ্ছে একটা finite verb phrase. ইংরেজিতে finite verb-এর form-গুলো নিম্নরূপ:

(a) *Present simple form* : Cats love milk. The cat loves milk.
(b) *Past simple forms* : I saw her standing there. She came to see me.
(c) *Modal forms* : You can sit here. It might rain tonight.
(d) *Auxiliary + Present Participle forms*: He is running. I have been waiting here since 8 o'clock. They were playing there.
(e) *Auxiliary + Past Participle forms* : They have killed a tiger. He was arrested by police. She will be called here.

Finite verb বা verb phrase-এর প্রধান কাজ হচ্ছে tense প্রকাশ করা। Verb phrase টি active এবং passive উভয় voice-ই হতে পারে।

Non-finite verbs, on the other hand, do not have a particular tense. Like auxiliary verbs, non-finite verbs also cannot be used alone in a sentence. They are always used with a finite verb of any tense. For example:

He wants to stay here.
They wanted to stay here.

এখানে "to stay" একটা non-finite verb যা present simple এবং past simple উভয় tense-এর finite verb (wants এবং wanted)-এর সঙ্গেই ব্যবহৃত হয়েছে। অর্থাৎ বাক্যের subject এবং tense-এর দ্বারা এ ধরনের verb নিয়ন্ত্রিত নয়।

Non-finite verbs have the following forms :

(a) *Bare Infinitive form* :
He will take the exam.
Please let me sit here.
I saw her cross the street.

(b) *To + Infinitive form:*

He wants to sleep now.
I allowed her to go there.
You are permitted to apply for this job.

(c) *Present Participle form:*

He was waiting for me.
I saw him reading a newspaper.
It has been raining for more than an hour.

(d) *Past Participle form:*

I got the letter *written* by my friend.
Who is the language spoken by?
You should get your hair cut as early as possible.

(e) *Perfect Infinitive form:*

You could have done the work.
It must have rained last night.
I may have read the letter.

(f) *Passive Infinitive form:*

The letter needs to be sent urgently.
The work could have been done yesterday.
I don't like to be disturbed.

এই অধ্যায়ে আমরা যে সব ধরনের verb নিয়ে আলোচনা করলাম তাদের বাইরে আরো কয়েক রকম verb আছে। সেগুলো নিয়ে পরে phrase এবং clause সম্পর্কিত অধ্যায়ে আলোচনা করা হবে।

6. Adverbs

An *adverb* is a single word which mainly modifies a verb in a sentence অর্থাৎ adverb হচ্ছে সেই শব্দ বা part of speech যার দ্বারা বাক্যস্থিত কোন verb-কে modify করা হয়। তবে কোন কোন adverb আবার adjective, অন্য আরেকটা adverb এবং পূর্ণ একটা clause-কেও modify করে। নীচের বাক্যগুলোতে adverb-এর কাজগুলো লক্ষ কর :

The boy is reading the poem loudly.
The poem is fairly long.
He is walking quite fast.
Unfortunately, he could not pass the exam.

এখানে প্রথম বাক্যে 'loudly' adverb-টি 'reading' verb-টিকে modify করেছে, দ্বিতীয় বাক্যে "long" adjective-টিকে modify করতে তার আাগে "fairly" adverb-টিকে ব্যবহার করা হয়েছে, তৃতীয় বাক্যে "quite" adverb-টি তার পরে বসা 'fast' adverb-টিকে modify করেছে এবং চতুর্থ বাক্যে 'unfortunately' adverb-টিকে ব্যবহার করে পরবর্তী পুরো clause-টিকেই modify করা হয়েছে। এরকম function-এর ভিত্তিতে adverbs-কে আমরা তিন শ্রেণিতে ভাগ করতে পারি : Adjuncts, Conjuncts এবং Disjuncts.

Adjuncts : These adverbs form a part of the basic structure of the clause or sentence in which they occur and modify a verb অর্থাৎ এই ধরনের adverb গুলো কোন একটা clause বা sentence-এর basic structure-এর একটা অংশ হিসেবে কাজ করে এবং ঐ বাক্যের main verb-টিকে modify করে। যেমন :

She studies hard.
He went home yesterday.
They sleep upstairs.
I shall visit you tomorrow.

Conjuncts : Conjuncts are not part of the basic structure of the clause or sentence in which they occur অর্থাৎ Conjuncts কোন clause বা sentence-এর basic structure-এর উপাদান নয়। Conjunct-এর কাজ হচ্ছে, যে sentence-এ এটা ব্যবহৃত হয় সেখানে যা বলা হয়েছে তার সঙ্গে অন্য sentence-এর বক্তব্যকে connect করা। যেমন :

The food was good and the weather was lovely.
Altogether it was a great evening.

এখানে "Altogether" conjunct-টি ব্যবহার করে দ্বিতীয় বাক্যে যা বলা হয়েছে তার সঙ্গে প্রথম বাক্যের বক্তব্যের সঙ্গে একটা সম্পর্ক স্থাপন করা হয়েছে। নীচের বাক্যটিও লক্ষ কর :

However, I could not enjoy the time because of my headache.

এই বাক্যটিতে "however" conjunct-টি ব্যবহার করে এতে বলা কথার সঙ্গে উপরোক্ত দু'টি বাক্যের একটা সম্পর্ক তুলে ধরা হয়েছে।

Disjuncts : Disjuncts are adverbs which show the speaker's attitude to what is said in the rest of the sentence অর্থাৎ disjunct হচ্ছে সেই adverb যার সাহায্যে sentence-এর বাকি অংশে যা বলা হয়েছে তার প্রতি বক্তার দৃষ্টিভঙ্গি প্রকাশ করা হয়। যেমন :

Luckily, we won the game.
Unfortunately, he could not attend the party.

Adverbs that modify a verb are of four main types. They are as follows:

Adverbs of Manner : These adverbs tell us *how* the action expressed by the verb in a sentence takes place অর্থাৎ adverbs of manner আমাদেরকে বলে দেয় কীভাবে verb দ্বারা নির্দেশিত কাজটি সংঘটিত হয়। নীচের example-গুলো লক্ষ কর :

He performed badly on the stage.
Can you speak English fluently?
The baby is sleeping. Don't speak loudly.
The room was nicely decorated.

অধিকাংশ adverbs of manner গঠিত হয় adjective-এর সঙ্গে "ly" যোগ করে। তবে এই নিয়মের ব্যতিক্রমও আছে। যেমন :

It is raining hard.
I cannot walk fast.
He has done well in the exam.

Gradable adjective-এর মত adverbs of manner-এরও comparative এবং superlative form গঠন করা যায়। যেমন :

You should work harder.
He can walk faster than me.
Do the work more carefully.
He listened to me most carefully.

Adverbs of Time : Adverbs of time tell us *when* an action happens অর্থাৎ adverbs of time-এর মাধ্যমে আমরা জানতে পারি *কখন* কোন কাজ সম্পন্ন হয়। যেমন :

Don't disturb me now.
He was then listening to music.
The weather is hot today.
I shall see you tomorrow.
The train arrived late.
He rises early in the morning.

এ ধরনের কিছু adverb-এরও comparative এবং superlative degree হতে পারে। যেমন :

He arrived earlier than me.
The best rooms will be given to those who book earliest.
He married later than his friend.
Of all the girls, Ruma arrived latest.

Adverbs of Place : Adverbs of place tell us *where* something is or where an action takes place অর্থাৎ adverbs of place আমাদেরকে জানায় কোথায় কোন কিছু অবস্থিত অথবা কোন কাজ সংঘটিত হয়। যেমন :

Your books are here.
I went there last week.
He lives upstairs. (উপর তলায়)
They are waiting downstairs. (নীচতলায়)
Come home as soon as you can.
My father has gone abroad.
We are boating upstream/downstream. (স্রোতের প্রতিকূলে/ অনুকূলে)
They were driving uptown/downtown.
(শহরের আবাসিক/বাণিজ্যিক এলাকার দিকে)

Adverbs of Frequency : These adverbs tell us *how often* something happens অর্থাৎ এই ধরনের adverb-এর মাধ্যমে আমরা জানতে পারি কোন কাজ কত ঘন ঘন ঘটে। যেমন :

They always quarrel with each other.
We often visit our neighbour.
He never tells lies.
It seldom/hardly rains here.

Single word হিসেবে কিছু কিছু adverb কোন adjective কিংবা অন্য একটা adverb-এর আগে বসে সেই adjective কিংবা adverb-এর তীব্রতা বাড়িয়ে দেয়। যেমন :

Your idea is quite good.
The bus runs unusually fast.

এই ধরনের adverb-কে intensifier বলা হয়। আবার যে সব adverb কোন adjective বা adverb-এর মাত্রা কমিয়ে দেয় তাদেরকে বলা হয় *mitigators*. যেমন :

She is fairly tall.
He is reading less loudly now.

একাধিক শব্দ ব্যবহার করেও কোন verb-কে modify করা হয়। সেক্ষেত্রে ঐ শব্দগুচ্ছকে *adverbial phrase* বলা হয়। এ বিষয়ে আমরা "Phrases" শীর্ষক অধ্যায়ে বিস্তারিত আলোচনা করব।

7. Prepositions

Prepositions are words that express the relationship of the nominal (noun, pronoun or anything else equivalent to a noun) after them to other words in the sentence অর্থাৎ preposition-এর কাজ হচ্ছে তার পরে ব্যবহৃত nominal (noun, pronoun অথবা noun-এর সমতুল্য অন্য কিছু) টির সঙ্গে বাক্যের অন্যান্য শব্দের সম্পর্ক নির্ণয় করা। Preposition-এর পরে যে nominal বসে তাকে বলা হয় Completive বা Prepositional object. Prepositions may express meanings like possession, direction, place, time and many others. নীচে প্রথমে কয়েকটি common preposition-এর ব্যবহার দেখানো হলো:

These books belong to me. (possession)
He is going to the bank. (direction)
I am coming from Dhaka. (direction)
The cat is sitting on a mat. (place)
We sat under a tree. (place)
See me at 8 o'clock. (time)
I was born in the month of April. (time)
He killed the bird with a gun. (instrument)
I went there by train. (vehicle)

এভাবে prepositional object-এর সঙ্গে অন্য শব্দের অনেক রকম সম্পর্ক প্রকাশ করা হয়।

As a general rule, a preposition is always followed by a nominal but it may be preceded by different parts of speech অর্থাৎ সাধারণ নিয়ম অনুসারে preposition-এর পরে সব সময় একটা nominal বসলেও-এর আগে বিভিন্ন parts of speech বসতে পারে। যেমন :

He wants a cup of tea.
Are you interested in politics?
Don't laugh at the beggar.

লক্ষ কর, প্রথম বাক্যে 'of' preposition-টির আগে বসেছে noun (cup), দ্বিতীয় বাক্যে 'in'-এর আগে বসেছে adjective (interested) এবং তৃতীয় বাক্যে "at"-এর আগে বসেছে verb (laugh).

Formal ইংরেজিতে preposition-এর ঠিক পরেই তার completive বা object বসে। যেমন :

With whom were you talking?
By whom is this book written?

কিন্তু conversational ইংরেজিতে এই দু'টি item-কে বিচ্ছিন্ন করে initial preposition-টিকে shift করে বাক্যের terminal position-এ নিয়ে যাওয়া হয়। যেমন :

Who(m) were you talking with?
Who is this book written by?

এগুলো হচ্ছে discontinuous prepositional phrase-এর উদাহরণ।

আমরা আগেই জেনেছি, preposition-এর কাজ হচ্ছে noun এবং অন্যান্য শব্দের সঙ্গে time, place, ownership, movement ইত্যাদি নানা ধরনের সম্পর্ক প্রকাশ করা। এখানে আমরা বিভিন্ন category-এর বেশ কিছু preposition-এর ব্যবহার দেখাব।

Prepositions of Time

Can you see me at 9 o'clock? (নির্দিষ্ট ঘণ্টার আগে)
He visited me on Sunday/ 10 April. (দিন বা তারিখের আগে)
I was born in the month of April in 1955. (মাস বা বছরের আগে)
It has been raining for two hours. (সময়ের ব্যাপ্তি বুঝাতে)
I have been waiting here since morning. (চলমান কোন কাজের শুরু বুঝাতে)
We reached home after sunset. (কোন সময়ের 'পরে' বুঝাতে)
We started our journey before sunrise. (কোন সময়ের 'আগে' বুঝাতে)
It's a quarter to ten. (পৌনে দশটা অর্থাৎ দশটা বাজতে ১৫ মিনিট 'বাকি আছে' বুঝাতে)
It's a quarter past eight. (সোয়া আটটা অর্থাৎ আটটার পরে ১৫ মিনিট 'পার হয়েছে')
You must finish the work by tomorrow. (ভবিষ্যতের কোন একটা নির্দিষ্ট সময়ের মধ্যে বুঝাতে)

Prepositions of Place

We had dinner at a local hotel. (নির্দিষ্ট স্থান বুঝাতে)
There is no fruit in the fridge. (কোন আবদ্ধ জায়গা বুঝাতে)
The books are on the table. (কোন কিছুর উপরের তল বুঝাতে)
He keeps the keys under the mattress. (নীচে বুঝাতে)
Don't write anything below this line. (নীচের অবস্থান বুঝাতে)
The bus-stand is by/near the railway station. (কাছাকাছি অর্থে)
She sat beside me. (পাশাপাশি অর্থে)
He stood behind me in the queue. (পিছনে বুঝাতে)

There is a bridge over the river. (উচ্চতর অবস্থান বুঝাতে)
The girl is sitting between the two boys. (দু'জনের মাঝখানে বুঝাতে)

Prepositions of Direction

I am going to Dhaka. (গন্তব্যের দিকে বুঝাতে)
We started our journey from Rajshahi in the morning. (কোন স্থান থেকে যাত্রার শুরু বুঝাতে)
We went up the hill. (ঊর্দ্ধমুখী চলা বুঝাতে)
The stone rolled down the hill. নিম্নমুখী গতি বুঝাতে)
He jumped into the water. (ভিতরের দিকে গতি বুঝাতে)
The earth moves round the sun. (চতুর্দিকে প্রদক্ষিণ করা বুঝাতে)
The dog jumped over the wall. (কোন কিছুর উপর দিয়ে অতিক্রম করা বুঝাতে)
She entered the room through the back door. (কোনকিছুর ভেতর দিয়ে চলা বুঝাতে)
I walked across the bridge. (কোন কিছুর এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত চলা বুঝাতে)
He fell off the ladder. (কোন কিছু থেকে পড়া বুঝাতে)

Prepositions of Agency

These prepositions describe a person or thing that causes something to occur অর্থাৎ এই ধরনের preposition দ্বারা বুঝানো হয় কে বা কি কোন কিছু ঘটায়। এগুলো সাধারণত passive voice-এ ব্যবহৃত হয়। যেমন :

He was attacked by a tiger.
My heart is now filled with emotion.
This play is written by G. B. Shaw.

এক্ষেত্রে doer বা agent যদি কোন ব্যক্তি বা প্রাণী হয় তাহলে preposition-টা হবে 'by' এবং agent কোন বস্তু বা abstract noun হলে preposition-টা হবে 'with'.

Prepositions of Intrument/Device

These prepositions are used to mention any technology, machine, device or any other gadget অর্থাৎ এই জাতীয় preposition গুলো ব্যবহৃত হয় কোন প্রযুক্তি, যন্ত্রপাতি বা যে কোন ধরনের অস্ত্রের কাজ উল্লেখ করতে। যানবাহনের ক্ষেত্রেও এ ধরনের preposition ব্যবহৃত হয়। নীচের উদাহরণগুলো লক্ষ কর :

I cut the mango with a knife.
He does his homework on a computer.

We often travel by bus/train.
She has been on the phone for almost an hour.
They do business by phone/over the phone.
Can you open the door with this key?
He came home in his own car.

উপরোক্ত শ্রেণিসমূহের বাইরেও আরো অনেক category-র prepositon নানাবিধ সম্পর্ক প্রকাশ করে। নীচের বাক্যগুলোতে ব্যবহৃত prepositon গুলো লক্ষ কর :

Do you know anything about him?
I have bought this book for you.
He was leaning against the wall.
She works here as a teacher.
I don't feel like talking.
We can't live without water.
Everyone except me was tired.
I bought this shirt for two thousand takas.
I went there with my father.
This essay deals with wild animals.
He commented on/upon my presentation.
He did his research under my supervision.

8. Conjunctions

Conjunctions are words that join words, phrases, or clauses together অর্থাৎ conjunctions হচ্ছে সেই সব শব্দ যাদের সাহায্যে একাধিক word, phrase কিংবা clause-কে একসঙ্গে সংযুক্ত করা হয়।

Kalam and Salam are brothers.
My brother and their sister are in love.
He can speak English but I can't.

এখানে প্রথম বাক্যের "and" conjunction-টি দু'টো word (Kalam এবং Salam) কে, দ্বিতীয় বাক্যের একই conjunction-টি দু'টো phrase (My brother এবং their sister) কে এবং তৃতীয় বাক্যের "but" conjunction-টি দু'টো clause (He can speak English এবং I can't) কে সংযুক্ত করেছে।

Sometimes two words may work together to indicate the relationship between two elements in a sentence অর্থাৎ কোন কোন ক্ষেত্রে দু'টো conjunction একত্রিত হয়ে sentence-এর দু'টো উপাদানের মধ্যে সম্পর্ক নির্দেশ করতে পারে। যেমন :

You can sit either here or there.
I will take neither tea nor coffee.

এ ধরনের জোড়া conjunction-কে *Correlative Conjunctions* বলা হয়। এখন আমরা grammatical nature এবং function অনুসারে conjunctions-এর দু'টো broad category নিয়ে আলোচনা করব।

Coordinating Conjunctions

These conjunctions are used to join two or more words, phrases, or independent clauses (phrase এবং clause নিয়ে আমরা পরবর্তী অধ্যায়গুলোতে বিস্তারিত আলোচনা করব।) Coordinating conjunction দ্বারা সংযুক্ত উপাদানগুলোকে সাধারণত সমমানের বা সমান গুরুত্বপূর্ণ হতে হয়। ইংরেজিতে এ ধরনের সাতটি conjunction আছে। মনে রাখার সুবিধার্থে এদের জন্য "FANBOYS" acronym-টা ব্যবহার করা হয়। এর অন্তর্ভুক্ত শব্দগুলো হচ্ছে : For, And, Nor, But, Or, Yet এবং So. নীচে এদের প্রত্যেকটার ব্যবহার লক্ষ কর :

For : I believe you, for you never tell lies.
He could not attend the meeting, for he was sick.
We enjoyed the picnic, for the weather was excellent.

'For' means 'because'. উপরের বাক্যগুলোতে "for" এর জায়গায় তোমরা 'because' ব্যবহার করতে পারো। "For"-এর ব্যবহার "formal ইংরেজিতেই বেশি। এখানে প্রত্যেকটা বাক্যে দু'টো independent clause-কে যুক্ত করার জন্য 'for' conjunction-টি ব্যবহার করা হয়েছে।

And : একটা element-এর সঙ্গে আরেকটা element যোগ করার জন্য "and" ব্যবহার করা হয়। It "can join words, phrases or entire" independent clauses. For example:

I eat bread and butter for breakfast.
Her slim figure and white complexion drew everybody's attention.
We happened to meet at a party and fell for each other at first sight.

Nor : If follows a negative clause to present an additional negative idea অর্থাৎ কোন একটা negative clause-এর পরে আরেকটা অতিরিক্ত negative ধারণা প্রকাশ করতে এই conjunction-টা দ্বিতীয় clause-এর শুরুতে ব্যবহৃত হয়। যেমন :

He does not like cricket, nor does he enjoy football.
I have not visited the place, nor do I want to visit it.

দ্বিতীয় clause-এর subject এবং verb-এর ব্যবহার বিশেষভাবে লক্ষ কর।

But : This conjunction is used to join two independent clauses to present a contrast অর্থাৎ contrast বা বৈপরিত্য বুঝাতে দু'টো independent clause-এর মাঝখানে এই conjunction-টা ব্যবহার করা হয়। যেমন :

I want to meet you but I am too busy to go.
The girl is beautiful but nobody likes her.
I want to buy a car but I can't afford to buy it now.

Or : This conjunction is used to present an alternative choice or option অর্থাৎ বিকল্প কোন কাজ বা ধারণা প্রকাশের ক্ষেত্রে "or" conjunction-টি ব্যবহার করা হয়। যেমন :

Would you like the chicken curry or the beef?
We can now watch a movie, or we can just gossip away our time. (খোশগল্প করে সময় কাটাতে পারি)
What would you like, tea or coffee?

Yet : Like 'but', 'yet' also presents a contrast, but with 'yet' there is an element of surprise অর্থাৎ 'but'-এর মত 'yet' এক ধরনের বৈপরিত্য প্রকাশ করে কিন্তু এখানে একটা বিস্ময়ের উপাদান থাকে। নীচের বাক্যগুলোতে "yet"-এর ব্যবহার লক্ষ কর :

The drama is a tragedy yet there are some comic elements in it.
It rained very hard all day yesterday, yet they did not cancel the football match.

এখানে প্রথম বাক্যটিতে বিস্ময়ের ব্যাপার হচ্ছে নাটকটি মূলত: বিষাদান্তক হলেও-এর মধ্যে কিছু হাস্যরসের উপাদান আছে।

So : Coordinating conjunction হিসেবে 'so' ব্যবহৃত হয় শুধুমাত্র দু'টো principal clause-কে সংযুক্ত করার ক্ষেত্রে। এখানে প্রথম clause-এ বর্ণিত কাজের ফলাফল হিসেবে দ্বিতীয় clause-এর কাজটি ঘটে। যেমন :

He was sick, so he could not attend the picnic.
She did very well in the interview, so she got the job.
You worked very hard, so you passed the exam.

একই বাক্যে দু'টো Principal clause থাকলে সাধারণত দ্বিতীয় clause-টা শুরু হয় কোন একটা Coordinating conjunction দিয়ে। কিন্তু কোন কোন ক্ষেত্রে দুই clause-এর মাঝখানকার বিরতিকে দীর্ঘায়িত করার জন্য clause দু'টোকে আলাদা sentence হিসেবে লেখা হয় এবং conjunction-টিকে দ্বিতীয় sentence-এর শুরুতে ব্যবহার করা হয়। যেমন :

The girl is beautiful. And she is very witty too.
You are working very hard. So I believe you will pass the exam this time.
I don't like junk food. But today I don't mind it.

Subordinating Conjunctions

Subordinating Conjunctions are used in complex sentences which contain one principal clause and one or more subordinate clauses অর্থাৎ subordinating conjunctions ব্যবহৃত হয় complex sentence-এ যেখানে থাকে একটা principal clause এবং এক বা একাধিক subordinate clause. Subordinating conjunction-টা বসবে অবশ্যই subordinate clause-এর শুরুতে এবং-এর কাজ হবে subordinae clause-কে principal clause-এর সঙ্গে সংযুক্ত করা। নীচের complex বাক্যগুলোতে subordinating conjunction-এর ব্যবহার লক্ষ কর :

I know that Sakib is a good cricketer.
I don't know if / whether he is well or ill.
Give me a call when you reach home.
I shall go home after I finish this work.
He had taken a bath before he ate lunch.
Although the weather was bad, I went out for a walk.
Ten years have passed since his father passed away.
Wait here until I come back.

এখানে মাত্র কয়েকটা subordinating conjunction-এর ব্যবহার দেখানো হলো। পরবর্তীতে যেখানে complex sentence নিয়ে আলোচনা করা হবে সেখানে এই ধরনের আরো conjunction-এর ব্যবহার দেখানো হবে।

Practice Part

1. (a) Identify the nouns in the following sentences as countable or uncountable. Write 'C' for countable and 'U' for uncountable in the brackets against them:
   i) Would you like a *cup* ( ) of tea ( ) ?
   ii) The man drank a whole pint of *beer* ( ).
   iii) *Gold* ( ) is a precious *metal* ( ).
   iv) *Bravery* ( ) and *discretion* ( ) are compatible *virtues* ( ).

v) *Money* ( ) does not grow on *trees* ( ).
vi) He does not take anybody's *advice* ( ).
vii) *Glass* is a fragile *material* ( ).
viii) I need to buy some cooking *oil* ( ).
ix) He bought a *box* of matches ( ).
x) That *information* was not true.

(b) What is a partitive? Use appropriate partitives to make sentences with the following uncountable nouns :

coffee, grass, chalk, luck, soap, bread, and furniture.

2. (a) Where is a determiner used? Fill in the gaps in the following sentences with appropriate determiners :

i) Give me _____ advice.
ii) You cannot support _____ side of a dispute.
iii) I don't have _____ money on me now.
iv) _____ boy and girl in the class got a prize.
v) _____ mangoes are not sweet.
vi) There is _____ water in the jug.
vii) _____ passer-by came forward to save me.
viii) She does not have _____ friends.
ix) _____ mother loves _____ child.
x) There are trees on _____ bank of the lake.

b) What are the three positions of an adjective in a sentence? Use the following adjectives in all those three positions in your own sentencs :

dead, absent, cold, hot, and necessary

3. Identify the pronouns in the following sentences:

Farid is my friend. He is a brilliant student. Last week I received a letter from him. He wrote it in English. This is our language of interaction with each other. We ourselves decided on this.
Now identify the referents of the pronouns.

4. Identify the underlined verbs in the following sentences as finite or non-finite :

i) I <u>went</u> shopping in the evening.
ii) It is important for you <u>to learn</u> English.

iii) Do you like this song?
iv) Please let me go out.
v) I saw him crossing the road.
vi) Making tea appears easy.
vii) The plane landed late.
viii) Where are you waiting for me?
ix) Can you speak English fluently?
x) I got the letter typed by my clerk.

5. Identify the adverbs and their types used in the following sentences :
a) I am terribly busy with my assignment.
b) They are now living abroad.
c) He is working hard to complete the work in time.
d) I will sleep early tonight.
e) He is capable enough of doing it.

6. Complete the following sentences with approprite prepositions :
a) I always depend _____ him.
b) He prevented me _____ going there.
c) What is your comment _____ my essay?
d) She wrote a letter _____ me last week.
e) He was wearing a pen _____ his pocket.
f) We arrived _____ the station in time.
g) I am looking forward _____ meeting you.
h) He was used _____ smoking in his youth.

Chapter 3

Forms and Functions of Words

এই অধ্যায়ে আমরা ইংরেজি শব্দের form (আকার/গঠন) এবং grammatical function (অর্থাৎ বাক্যে কোন একটা শব্দকে কিভাবে ব্যবহার করা হয়) আলোচনা করব।

Forms of Words

Form বা গঠন বিচেনায় ইংরেজি ভাষার শব্দাবলিকে roots এবং derivatives এই দুই শ্রেণিতে ভাগ করা যায়। Roots হচ্ছে base form of a word বা মূল শব্দ এবং derivatives হচ্ছে সেই সব নতুন শব্দ যেগুলোকে তৈরি করা হয় মূল শব্দের সঙ্গে এক বা একাধিক affix বা শব্দাংশ যোগ করে। যেমন : "kind" একটা মূল শব্দ যার সঙ্গে 'un' affix-টি যোগ করে আমরা বানাতে পারি 'unkind' এবং 'ness' যোগ করে বানাতে পারি "kindness". আবার "kind"-এর আগে এবং পরে যথাক্রমে "un" এবং "ness" যোগ করে আমরা "unkindness"-ও বানাতে পারি। এক্ষেত্রে "unkind", "kindness" এবং "unkindness" শব্দগুলোকে derivative বলা হবে। যে affix-টি root-এর আগে বসে তার নাম হচ্ছে prefix এবং যে affix-টি মূল শব্দের পরে বসে তার নাম হচ্ছে postfix বা suffix. বুঝতেই পারছ, উপরের derivative গুলোতে "un" হচ্ছে prefix এবং "ness" হচ্ছে suffix.

Root words can be used both independently and as a part of a derivative অর্থাৎ মূল শব্দটি স্বাধীনভাবে আলাদাও বসতে পারে এবং কোন derivative-এর অন্তর্ভুক্ত হতে পারে কিন্তু derivative তৈরিতে ব্যবহৃত affix গুলোর কোন স্বাধীন সত্ত্বা থাকে না।

Root word-এর আরেকটা নাম হচ্ছে *free morpheme* এবং affix-এর আরেকটা নাম হচ্ছে bound morpheme. জেনে রাখো, a morpheme is the

smallest meaningful word or part of a word অর্থাৎ morpheme হচ্ছে একটা ক্ষুদ্রতম অর্থপূর্ণ শব্দ বা শব্দাংশ। তবে full এবং independent অর্থ প্রকাশ করতে পারে শুধু কোন free morpheme; a bound morpheme does not have an independent meaning. It can assume a dependent meaning only when it is added to a free morpheme অর্থাৎ bound morpheme-এর কোন স্বতন্ত্র অর্থ থাকে না। Free morpheme-এর সঙ্গে যুক্ত হলেই কেবল bound morpheme একটা অর্থ ধারণ করতে পারে। A morpheme, being the smallest unit, cannot be divided without altering or destroying its meaning. যেমন, "success" একটা morpheme; অর্থের দিক থেকে এটাকে ভাগ করা সম্ভব নয়।

Function-এর দিক থেকে bound morpheme আবার দুই প্রকার: *Inflexional bound morpheme* এবং *Derivational bound morpheme*. Inflexional bound morpheme তার মূল শব্দের শুধু অর্থের পরিবর্তন ঘটায় কিন্তু তার part of speech অপরিবর্তিত থাকে। যেমন, "friend" একটা মূল শব্দ এবং part of speech হিসেবে এটি একটা noun; এর সঙ্গে 's' bound morpheme-টি যোগ করলে derivative-টা হবে "friends". এই derivative-টাও noun কিন্তু-এর অর্থটা ভিন্ন। অতএব, এখানে 's' হচ্ছে একটা inflexional bound morpheme. পক্ষান্তরে, derivational bound morpheme তার মূল শব্দের শুধুমাত্র অর্থই change করে না, বরং তার part of speech-ও change করে দেয়। যেমন, friend এর "ly" bound morpheme-টা যোগ করলে derivative-টা adjective হয়ে যায় এবং তার অর্থও "friend"-এর অর্থ থেকে ভিন্ন হয়ে যায়। সেজন্য "friendly" শব্দের "ly" হচ্ছে একটা derivational bound morpheme. এখন আমরা affixation পদ্ধতিতে (অর্থাৎ মূল শব্দের সঙ্গে affix বা bound morpheme যোগ করে) কীভাবে নতুন শব্দ (derivative) form করা যায় তার কিছু উদাহরণ দেখাব। প্রথমে দেখাব কোন শব্দের আগে dis, im, in, ir, un জাতীয় prefix ব্যবহার করে কীভাবে তাদের antonym বা বিপরীতার্থক শব্দ তৈরি করা যায়।

root / derivative	**antonym**
honest (সৎ)	dishonest (অসৎ)
ease (আরাম)	disease (ব্যারাম)
satisfaction (সন্তুষ্টি)	dissatisfaction (অসন্তুষ্টি)
belief (বিশ্বাস)	disbelief (অবিশ্বাস)
enable (সক্ষম করা)	disable (অক্ষম করা)
advantage (সুবিধা)	disadvantage (অসুবিধা)

root / derivative	antonym
agree (একমত হওয়া)	disagree (দ্বিমত পোষণ করা)
encourage (উৎসাহিত করা)	discourage (অনুৎসাহিত করা)
legal (আইনি)	illegal (বেআইনি)
literate (শিক্ষিত)	illiterate (অশিক্ষিত)
legible (স্পষ্ট)	illegible (অস্পষ্ট)
logical (যুক্তিসঙ্গত)	illogical (অযৌক্তিক)
legitimate (বৈধ)	illegitimate (অবৈধ)
modest (বিনয়ী)	immodest (অবিনয়ী)
moral (নৈতিক)	immoral (অনৈতিক)
polite (ভদ্র)	impolite (অভদ্র)
possible (সম্ভব)	impossible (অসম্ভব)
mobile (ভ্রাম্যমাণ)	immobile (স্থির)
proper (সঠিক)	improper (বেঠিক)
mortal (মরণশীল)	immortal (অমরণশীল)
balance (ভারসাম্য)	imbalance (ভারসাম্যহীনতা)
pious (ধার্মিক)	impious (অধার্মিক)
ability (সক্ষমতা)	inability (অক্ষমতা)
correct (শুদ্ধ)	incorrect (অশুদ্ধ)
decent (সুন্দর)	indecent (অসুন্দর)
direct (প্রত্যক্ষ)	indirect (পরোক্ষ)
definite (নির্দিষ্ট)	indefinite (অনির্দিষ্ট)
distinct (সুস্পষ্ট)	indistinct (অস্পষ্ট)
valid (কার্যকর)	invalid (অকার্যকর)
accurate (সঠিক)	inaccurate (বেঠিক)
regular (নিয়মিত)	irregular (অনিয়মিত)
relevant (সঙ্গত)	irrelevant (অসঙ্গত)
rational (যৌক্তিক)	irrational (অযৌক্তিক)
religious (ধার্মিক)	irreligious (অধার্মিক)

root / derivative	antonym
responsible (দায়িত্বশীল)	irresponsible (দায়িত্বহীন)
refutable (খণ্ডনীয়)	irrefutable (অখণ্ডনীয়)
fortune (ভাগ্য)	misfortune (দুর্ভাগ্য)
understand (বুঝা)	misunderstand (ভুল বুঝা)
judgement (সঠিক বিচার)	misjudgement (ভুল বিচার)
advise (ভাল উপদেশ দেয়া)	misadvise (মন্দ উপদেশ দেয়া)
behave (ভাল আচরণ করা)	misbehave (মন্দ আচরণ করা)
trust (বিশ্বাস)	mistrust (অবিশ্বাস)
able (সক্ষম)	unable (অক্ষম)
popular (জনপ্রিয়)	unpopular (অজনপ্রিয়)
wise (জ্ঞানী)	unwise (বোকামিপূর্ণ)
conscious (সচেতন)	unconscious (অসচেতন)
certain (নির্দিষ্ট, নিশ্চিত)	uncertain (অনির্দিষ্ট, অনিশ্চিত)
sure (নিশ্চিত)	unsure (অনিশ্চিত)
well (সুস্থ)	unwell (অসুস্থ)
written (লিখিত)	unwritten (অলিখিত)

এখন আমরা দেখব কীভাবে affixation পদ্ধতিতে (prefix এবং suffix যোগ করে এক part of speech-কে অন্য part of speech-এ রূপান্তর করা যায়। নীচের derivation গুলো লক্ষ কর :

a) en + noun / adjective = verb

able (সক্ষম)	enable (সক্ষম করা)
courage (সাহস)	encourage (উৎসাহিত করা)
rich (ধনী, সমৃদ্ধ)	enrich (সমৃদ্ধ করা)
dear (প্রিয়)	endear (প্রিয় করা)
danger (বিপদ)	endanger (বিপদাপন্ন করা)
large (বড়)	enlarge (বড় করা)
title (শিরোনাম)	entitle (শিরোনাম দেয়া)

b) Noun / verb + able = adjective

